মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন

শিল্প মন্ত্রণালয়

সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা

০৮ জ্যৈষ্ঠ ১৪৩০ ■ ২২ মে ২০২৩

'যতকাল রবে পদ্মা যমুনা
গৌরী মেঘনা বহমান
ততকাল রবে কীর্তি তোমার
শেখ মুজিবুর রহমান'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি
মোঃ সাহাবুদ্দিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী
শেখ হাসিনা

শিল্প মন্ত্রণালয়

সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা

০৮ জ্যৈষ্ঠ ১৪৩০ ▪ ২২ মে ২০২৩

প্রকাশকাল
০৮ জ্যৈষ্ঠ ১৪৩০
২২ মে ২০২৩

প্রকাশক ও কপিরাইট
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৯১ মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ

প্রচ্ছদ
জামিল আক্তার, নকশাবিদ

ইলাস্ট্রেশন
নজরুল ইসলাম বাদল

মুদ্রণ: পানগুছি এন্টারপ্রাইজ
১২৯ ডি.আই.টি এক্সটেনশন রোড, নীচতলা, ফকিরাপুল, ঢাকা-১০০
মোবাইল: ০১৭১৬৮৩৯৩৯৬
ই-মেইল: panguchicg1983@gmail.com

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা

৮ জ্যৈষ্ঠ ১৪৩০
২২ মে ২০২৩

বাণী

শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে শিল্পখাতের উৎকর্ষ সাধনের স্বীকৃতিস্বরূপ নির্বাচিত শিল্পোদ্যোক্তাদের 'সিআইপি (শিল্প) ২০২১' সম্মাননা প্রদানের উদ্যোগকে আমি স্বাগত জানাই। আমি সম্মাননাপ্রাপ্ত উদ্যোক্তাদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

দেশের অর্থনৈতিক উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে শিল্পখাতের অবদান অনস্বীকার্য। টেকসই ও পরিবেশবান্ধব শিল্পায়নের উপর জাতির সামগ্রিক অগ্রগতি ও সমৃদ্ধি নির্ভর করে। দেশে শিল্পোন্নয়নের ধারা অক্ষুণ্ন রেখে শিল্পখাতে কর্মসংস্থান সৃষ্টি, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন ও টেকসই শিল্পায়নের ক্ষেত্রে সরকারের গৃহীত বহুমুখী উদ্যোগ শিল্পখাতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। শিল্প কারখানায় আধুনিক ও পরিবেশবান্ধব প্রযুক্তির ব্যবহার বাড়ানোর ফলে দেশে এখন বিশ্বমানের শিল্পপণ্য উৎপাদন হচ্ছে এবং রপ্তানি বাণিজ্যে বাংলাদেশের অবদান সুসংহত হচ্ছে। বৈশ্বিক অর্থনৈতিক সংকট ও নানা প্রতিকূলতার মধ্যেত শিল্পখাতের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রবৃদ্ধি অর্জন সম্ভব হয়েছে এবং জিডিপিতে শিল্প খাতের অবদান ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশ ইতোমধ্যে স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশের কাতারে উন্নীত হয়েছে।

'সিআইপি (শিল্প) ২০২১' সম্মাননা শিল্পোদ্যোক্তা ও প্রতিষ্ঠানের জন্য একটি অনন্য রাষ্ট্রীয় স্বীকৃতি এবং সরকারি/বেসরকারি উদ্যোক্তাদের প্রতি সরকারের ধারবাহিক পৃষ্ঠপোষকতার এক উজ্জ্বল দৃষ্টান্ত। এ সম্মাননা শিল্পোদ্যোক্তাদের পণ্যের উৎকর্ষ সাধনে অনুপ্রাণিত করবে এবং উন্নয়নশীলতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখবে বলে আমি মনে করি। আমি আশা করি শিল্পোদ্যোক্তাদের সম্মাননা প্রদান নবীন শিল্পাদ্যোক্তাগণকে আন্তর্জাতিক মানসম্পন্ন শিল্প কারখানা স্থাপনে উৎসাহিত করবে এবং দেশে গুণগত শিল্পায়নের ধারা অধিকতর বেগবান হবে এবং সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন আরও তরান্বিত হবে।

আমি 'সিআইপি (শিল্প) ২০২১' সম্মাননা প্রদান অনুষ্ঠানের সাফল্য কামনা করি!

জয় বাংলা।
খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ সাহাবুদ্দিন

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৮ জ্যৈষ্ঠ ১৪৩০
২২ মে ২০২৩

বাণী

শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে 'সিআইপি (শিল্প) ২০২১' হিসেবে নির্বাচিতদের সম্মাননা ও সিআইপি কার্ড প্রদান করা হচ্ছে জেনে আমি আনন্দিত। আমি 'সিআইপি (শিল্প) ২০২১' হিসেবে নির্বাচিত শিল্প উদ্যোক্তাদের অভিনন্দন জানাই।

বাংলাদেশের স্বাধীনতার মহানায়ক, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫৬ সালে তৎকালীন সরকারের শিল্প, বাণিজ্য, শ্রম, দুর্নীতি দমন ও গ্রাম সহায়তা মন্ত্রণালয়ের মন্ত্রী থাকা কালীন সর্বপ্রথম এ অঞ্চলে শিল্প প্রসারে উদ্যোগ গ্রহণ করেন। জনগণের ভাগ্য উন্নয়নে শিল্পায়নের গুরুত্ব অনুধাবন করে তিনি ১৯৫৭ সালে ইস্ট পাকিস্তান স্মল এন্ড কটেজ ইন্ডাস্ট্রিজ (ইপসিক) প্রতিষ্ঠা করেন। স্বাধীনতার পরে তিনি তৃণমূল পর্যায়ে শ্রমঘন শিল্পায়নের ধারা বেগবান করে টেকসই ও সুষম অর্থনৈতিক উন্নয়নের পথে দেশকে এগিয়ে নিতে নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছিলেন। জাতির পিতার পদাঙ্ক অনুসরণ করে আওয়ামী লীগ সরকার দেশব্যাপী শিল্পখাতের কার্যকর বিকাশে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। পরিবেশবান্ধব ও পরিকল্পিত শিল্পায়নের ওপর বিশেষ গুরুত্ব দিয়ে জাতীয় শিল্পনীতি ২০২২ প্রণয়ন করা হয়েছে। পাশাপাশি খাতভিত্তিক পৃথক নীতিমালা ও তৈরি করা হয়েছে। আমাদের সরকারের গৃহীত শিল্পনীতি ও কর্মসূচির ফলে দেশে টেকসই ক্ষুদ্র ও মাঝারি শিল্পসহ বিভিন্ন শিল্পখাত দ্রুত বিকশিত হচ্ছে এবং জাতীয় অর্থনীতিতে শিল্পখাতের অবদান ক্রমেই জোরদার হচ্ছে। শিল্প প্রতিষ্ঠানের বিকাশের জন্য আমরা সারাদেশে ১০০টি বিশেষ অর্থ নৈতিক অঞ্চল গড়ে তুলছি। ফলে দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান, নারীর ক্ষমতায়নসহ আর্থ-সামাজিক অগ্রগতির বিভিন্ন সূচকে বাংলাদেশ প্রতিবেশি দেশগুলো থেকে এগিয়ে আছে। সম্প্রতি বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে মধ্যম আয়ের দেশে উত্তরণের পথ সুগম করেছে। দেশের মোট জিডিপিতে শিল্প খাতের অবদান ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ৩৭.০৭ শতাংশে উন্নীত হয়েছে এবং ২০২৭ সাল নাগাদ তা ৪০ শতাংশে উন্নীত করার লক্ষ্য নিয়ে আমরা কাজ করে যাচ্ছি।

সারা বিশ্বে চলমান শিল্প বিপ্লবের ধারা শিল্প উৎপাদনে ব্যাপক প্রযুক্তিগত পরিবর্তন এনেছে। কৃত্রিম বুদ্ধিমত্তা ও রোবটিক টেকনোলজির ব্যবহার শিল্প উৎপাদনের ধারা পাল্টে দিয়েছে এবং পূর্বের তুলনায় উৎপাদনশীলতা অনেক বৃদ্ধি পেয়েছে। অন্যান্য উন্নত দেশের মত বাংলাদেশেও বেসরকারি খাতের শিল্প-কারখানায় অত্যাধুনিক প্রযুক্তির প্রয়োগ বৃদ্ধি পেয়েছে। এর ফলে ম্যানুফ্যাকচারিং ও সেবা শিল্পখাতে প্রবৃদ্ধির ইতিবাচক ধারা তৈরি হয়েছে। এ ধারা এগিয়ে নিতে আমাদের সরকার সম্ভব সব ধরণের নীতি সহায়তা ও প্রণোদনা দিয়ে যাচ্ছে। এতে করে দেশের শিল্পখাত উজ্জীবিত হচ্ছে এবং জ্ঞানভিত্তিক ও স্মার্ট শিল্পায়নের ধারা বেগবান হচ্ছে।

শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে 'সিআইপি (শিল্প) ২০২১ হিসেবে নির্বাচিতদের সম্মাননা ও কার্ড' প্রদানও আমাদের সরকারের পৃষ্ঠপোষকতা ও নীতি সহায়তার গুরুত্বপূর্ণ অংশ। এর মাধ্যমে আমি মনে করি, বেসরকারি খাতের উদ্যোক্তারা শিল্পখাতে তাদের সৃজনশীলতা ও উদ্ভাবনী ক্ষমতাকে কাজে লাগাতে অনুপ্রাণিত হবেন। তাঁরা নিজ নিজ শিল্প-কারখানায় নতুন প্রযুক্তির ব্যবহার ও উৎপাদনশীলতা বাড়াতে মনোযোগী হবেন এবং উৎপাদিত পণ্যের গুনগতমান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করে রপ্তানি বৃদ্ধিতেও অবদান রাখবেন। ফলে একদিকে যেমন উদ্যোক্তারা ব্যক্তিগতভাবে লাভবান হবেন, অন্যদিকে জাতীয় অর্থনীতিও সমৃদ্ধ হবে। দেশে নতুন শিল্প স্থাপন ও কর্মসংস্থান সৃষ্টির প্রয়াস জোরদার হবে বলে আমার বিশ্বাস। শিল্পায়নের চলমান ধারা অব্যাহত রেখে ২০৪১ সাল নাগাদ জাতির পিতার স্বপ্নের ক্ষুধা-দারিদ্রমুক্ত ও উন্নত-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সক্ষম হবো, ইন্‌শাআল্লাহ।

আমি 'সিআইপি (শিল্প) ২০২১ হিসেবে নির্বাচিতদের সম্মাননা ও সিআইপি কার্ড' প্রদান অনুষ্ঠানের সার্বিক সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

(ড. মোঃ আব্দুর রাজ্জাক, এম.পি)
মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা।

বাণী

শিল্প মন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত শিল্পোদ্যোক্তাদের সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান অনুষ্ঠান আয়োজন করায় আমি অত্যন্ত আনন্দিত। এ মহৎ আয়োজনের সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানাই।

নানা বন্ধুর পথ পাড়ি দিয়ে আমাদের প্রিয় মাতৃভমি বাংলাদেশ আজকে শিল্প সম্ভাবনাময় দেশের পর্যায়ে পৌছেছে। সামাজিক, রাজনৈতিক কাঠামোর পরিবর্তনের সাথে সাথে দেশের অর্থনৈতিক কাঠামোরও ঘটেছে ব্যাপক পরিবর্তন। অনেক চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও মাধ্যম আয়ের দেশের তালিকায় স্থান করে নিয়েছে বাংলাদেশে

জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা, বিশ্ব বরেণ্য নেতা, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে বর্তমান সরকার দেশে শিল্প ও ব্যবসাবান্ধব পরিবেশ তৈরিতে সক্ষম হয়েছে। কৃষিনির্ভর আর্থনীতি থেকে দেশ ক্রমশ শিল্প ও সেবাখাতমুখী অর্থনীতিতে পরিণত হয়েছে। বর্তমান সরকারের সঠিক দিকনির্দেশনায় দেশে ইতোমধ্যে নীরব শিল্প বিপ্লব সংঘঠিত হয়েছে। জাতীয় অর্থনীতিতে শিল্প খাতের অবদান কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে। অনেক পণ্য উৎপাদনে দেশ ক্রমশ আমদানি বাণিজ্য থেকে বেরিয়ে এসেছে। আমদানি বাণিজ্য থেকে বেরিয়ে উদ্যোক্তাগণ কাঁচ, সিরামিক, বিলেট, ইলেক্ট্রনিক পণ্য, গাড়ি সংযোজন, অটোমোবাইল বিভিন্ন খাতে শিল্পায়নে পালা ঘটাচ্ছেন। উৎপাদনের তালিকায় যুক্ত হচ্ছে নতুন নতুন পণ্য। গড়ে উঠেছে ইলেক্ট্রনিক পণ্য, মুঠোফোন, টেলিভিশন ফ্রিজসহ বিভিন্ন পণ্য উৎপাদনের কারখানা। এছাড়া, দেশে বড় বাজার তৈরি হওয়ার মৌলিক শিল্পে বিনিয়োগ ও কারখানার সংখ্যাও ক্রমশ বৃদ্ধি পাচ্ছে।

জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ২০৩০ এবং রুপকল্প ২০৪১ অর্জনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ ও সাহসী নেতৃত্বে এবং মাননীয় শিল্পমন্ত্রী ও শিল্প প্রতিমন্ত্রীর দিকনির্দেশনায় শিল্প মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করে চলেছে। এর ফলে ইতোমধ্যে শিল্পায়ন, বিনিয়োগ ও ব্যবসা–বাণিজ্যে গতিলতা লক্ষ্য করা যাচ্ছে। এই গতিশীলতা চলমান রাখতে শিল্প মন্ত্রণালয় শিল্প উদ্যোক্তা ও ব্যবসায়ীদের বিভিন্ন প্রকারের প্রণোদনা প্রদান করছে। গুণগত শিল্পায়নে তাঁদের অবদানের স্বীকৃতি প্রদান করা হচ্ছে।

সিআইপি (শিল্প) সম্মাননা প্রদান শিল্প উদ্যোক্তা/প্রতিষ্ঠানের জন্য একটি অনন্য রাষ্ট্রীয় স্বীকৃতি। এই স্বীকৃতি তাঁদেরকে টেকসই শিল্পায়নে বিনিয়োগ এবং নতুন উদ্যোক্তা সৃষ্টিতে উৎসাহ ও প্রেরণা যোগাবে বলে আমার দৃঢ় বিশ্বাস। সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান দেশের শিল্পায়নে গভীর ইতিবাচক অবদান রাখবে বলে প্রত্যাশা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(ড. মোঃ আব্দুর রাজ্জাক, এম.পি)

(নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এম. পি)
মন্ত্রী
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা।

বাণী

শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি বা 'সিআইপি (শিল্প)-২০২১' হিসেবে নির্বাচিতদের সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করায় আমি আনন্দিত। আমি সিআইপি (শিল্প)-২০২১' হিসেবে নির্বাচিত শিল্প উদ্যোক্তাদের উষ্ণ অভিনন্দন জানাই।

শিল্পখাত বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক অগ্রগতির অন্যতম চালিকা শক্তি। দেশের ধারাবাহিক ইতিবাচক জিডিপি প্রবৃদ্ধির পেছনেও রয়েছে এখাতের উল্লেখযোগ্য অবদান। তৃণমূল পর্যায়ে শিল্পায়ন কার্যক্রম প্রসারের ফলে মোট দেশজ উৎপাদনে (জিডিপি) শিল্পখাতের অবদান ক্রমাগত বেড়ে চলেছে। জিডিপিতে শিল্পখাতের অবদান ইতোমধ্যে ৩৫ শতাংশ অতিক্রম করেছে। এই ধারা অব্যাহত রেখে জিডিপিতে শিল্পখাতের অবদান ৪০ শতাংশে উন্নীত করার লক্ষ্য নিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে শিল্প মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সম্প্রতি চতুর্থ শিল্প বিপ্লবের ঢেউ বাংলাদেশে এসে লেগেছে। এর ফলে দেশে জ্ঞানভিত্তিক ও পরিবেশবান্ধব সবুজ শিল্পায়নের নতুন ধারা সূচিত হয়েছে। এ ধারা গতিশীল করতে শিল্প মন্ত্রণালয় বেসরকারিখাতকে সম্ভব সব ধরনের নীতি সহায়তা দিয়ে যাচ্ছে। এ ধারা অব্যাহত রেখে বাংলাদেশ ২০৪১ সালের অনেক আগেই উন্নত ও সমৃদ্ধ রাষ্ট্রে পরিণত হবে বলে আমার বিশ্বাস।

বর্তমান সরকার, শিল্প ও ব্যবসাবান্ধব সরকার। আমরা সব সময় ব্যবসায়ী ও শিল্প উদ্যোক্তাদের অবদানের স্বীকৃতি দিয়ে আসছি। গুণগত শিল্পায়নে তাদের অবদান বাড়াতে এ স্বীকৃতি দেয়া হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় শিল্প মন্ত্রণালয় 'ন্যাশনাল প্রোডাকটিভিটি অ্যান্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড', রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার, বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার' 'জাতীয় এসএমই পুরস্কার' এবং 'ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন ক্রেস্ট' ইত্যাদি আয়োজনের মাধ্যমে উদ্যোক্তাদের উৎসাহ ও অনুপ্রেরণা যোগাচ্ছে।

'সিআইপি (শিল্প)-২০২১' হিসেবে চূড়ান্তভাবে নির্বাচন ও কার্ড প্রদান সংশ্লিষ্ট শিল্প উদ্যোক্তা ও প্রতিষ্ঠানের জন্য একটি অনন্য রাষ্ট্রীয় স্বীকৃতি। এটি নির্বাচিত শিল্প উদ্যোক্তাদেরকে নিজ নিজ কারখানায় উৎপাদিত পণ্যের উৎকর্ষ সাধনে অনুপ্রাণিত করবে। এ দৃষ্টান্ত অনুসরণ করে নবীন শিল্প উদ্যোক্তারাও নিজেদের পণ্যের গুণগত মানোন্নয়ন এবং আন্তর্জাতিকমানের শিল্প কারখানা স্থাপনে উজ্জীবিত হবেন। এর ফলে দেশে গুণগত শিল্পায়নের ধারা বেগবান হবে। একই সাথে বিশ্বমানের পণ্য ও সেবা উৎপাদনের প্রয়াস জোরদার হবে। এ প্রক্রিয়া অব্যাহত রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শিল্পখাতে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লালিত স্বপ্ন পূরণের পথে বাংলাদেশ দ্রুত এগিয়ে যাবে বলে আমি মনে করি।

আমি 'সিআইপি (শিল্প)-২০২১' প্রদান অনুষ্ঠানের সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এম. পি)

কামাল আহমেদ মজুমদার এম.পি
প্রতিমন্ত্রী
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

বাণী

শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে দেশের শিল্পখাতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ নির্বাচিত ৪৪ জন শিল্প উদ্যোক্তার মাঝে "সিআইপি (শিল্প) ২০২১" সম্মাননা প্রদান অনুষ্ঠান আয়োজনে আমি আনন্দিত। এ সম্মাননা অর্জন শিল্প উদ্যোক্তাদের জীবনে একটি মাইলফলক।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বপ্রথম এ দেশের শিল্পখাতের উন্নয়ন ও বিকাশের উদ্যোগ গ্রহণ করেছিলেন। ১৯৫৬ সালে শিল্প, বাণিজ্য, শ্রম, দুর্নীতি রোধ এবং গ্রামীণ সহায়তা মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে দায়িত্ব পালনকালে তিনি শিল্পখাতের উন্নয়নে নানাবিধ পরিকল্পনা গ্রহণ করেন। দেশের অর্থনীতিকে একটি শক্তিশালী ভিত্তিতে আসীন করার লক্ষ্যে শিল্পায়নের ধারাকে বেগবান করাই ছিলো তাঁর আজন্ম লালিত স্বপ্ন। জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নে তাঁরই রক্ত ও আদর্শের সুযোগ্য উত্তরাধিকার বঙ্গকন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা দেশের শিল্পায়নে বেসরকারিখাতকে মূল চালিকাশক্তি হিসেবে অগ্রাধিকার প্রদান করেছেন। এর ফলে শিল্পপণ্য উৎপাদন, বাজারজাতকরণ এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দেশের দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে দেশের শিল্পখাত অসামান্য অবদান রাখছে।

শিল্প মন্ত্রণালয় যাত্রার শুরু থেকেই দেশের অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও গতিশীলতা আনয়নে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের কাজে সহায়তা ও প্রণোদনা প্রদান করে যাচ্ছে। দেশে একটি শক্তিশালী বেসরকারিখাত গড়ে তোলাই এ প্রয়াসের অন্যতম উদ্দেশ্য। এ লক্ষ্যে মন্ত্রণালয় সব সময় নীতি সহায়তাসহ সংশিষ্ট ক্ষেত্রে প্রয়োজনীয় সেবা প্রদান করে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। শিল্পবান্ধব আইন, নীতি, বিধিমালা প্রণয়ন, শুল্ক ও কর কাঠামো নির্ধারণ, উদ্যোক্তাদের নীতি সহায়তা প্রদান, অবকাঠামো উন্নয়ন, পণ্যের গুণগতমান সংরক্ষণ ও মানোন্নয়নসহ সামগ্রিক শিল্পায়ন প্রক্রিয়া বেগবান করার ক্ষেত্রে মন্ত্রণালয় সবসময় ক্যাটালিস্টের ভূমিকা পালন করে আসছে। দেশে ইতোমধ্যে শক্তিশালী বেসরকারি শিল্পখাত গড়ে উঠেছে। ক্ষুদ্র ও কুটির শিল্পের গণ্ডি পেরিয়ে দেশব্যাপী মাঝারি ও ভারি শিল্পের প্রসার ঘটেছে এবং টেকসই শিল্পায়নের ভিত্তি সুদৃঢ় হয়েছে। শিল্পক্ষেত্রে সরকারের দূরদর্শী ও বহুমাত্রিক পরিকল্পনার ফলে মোট দেশজ উৎপাদনে (জিডিপি) শিল্পের অবদান ২০১৭-২০১৮ অর্থবছরে অর্জিত ৩৩.৬৬% থেকে বৃদ্ধি পেয়ে ২০২১-২২ অর্থবছরে ৩৭.০৭ % তে উন্নীত হয়েছে।

বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবিলা, টেকসই শিল্পায়নের প্রসার ও নতুন উদ্যোক্তা সৃষ্টিতে শিল্পোদ্যোক্তাদের সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান ইতিবাচক ভূমিকা রাখবে বলে আমি মনে করি। আমার দৃঢ় বিশ্বাস প্রতি বছর এরূপ সম্মাননা প্রদানের মাধ্যমে দেশের বেসরকারি খাতের শিল্প উদ্যোক্তাদের গুণগত শিল্পায়নে উৎসাহিত করবে এবং সৃজনশীল কর্মকান্ডের মাধ্যমে শিল্পখাতে উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচন হবে।

আমি সিআইপি (শিল্প)-২০২১ হিসেবে সম্মাননাপ্রাপ্ত সকল শিল্প উদ্যোক্তাদের অভিনন্দন ও শুভেচ্ছা এবং এ আয়োজনের সাথে সংশিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

কামাল আহমেদ মজুমদার এম.পি

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

বাণী

দেশের সামগ্রিক অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে নির্বাচিত শিল্প উদ্যোক্তাদের মাঝে" বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি" বা সিআইপি (শিল্প) ২০২১ সন্মাননা প্রদান করা হচ্ছে জেনে আমি আনন্দিত।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সোনার বাংলা বিনির্মাণে শিল্পায়নের ওপর গুরুত্বারোপ করেছিলেন। শিল্পায়ন একটি জ্ঞানভিত্তিক আভিযাত্রা। কালের পরিক্রমায় বিজ্ঞান ও প্রযুক্তির সমন্বিত প্রয়াসে শিল্পায়নের গতিধারায় পরিবর্তন এসেছে। উনবিংশ শতাব্দীর প্রারম্ভে প্রথম শিল্প বিপ্লব হতেই শিল্পায়নের উৎকর্ষ ও উন্নয়ন শুরু হয়। বিশ্ব বর্তমানে চতুর্থ শিল্প বিপ্লবের ধাপ অতিক্রম করছে। উৎপাদন ব্যবস্থায় কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) প্রযুক্তির ব্যবহার পৃথিবীতে উৎপাদন পদ্ধতিতে এক অভূতপূর্ব অভিজ্ঞতার পরিবর্তনের সূচনা করেছে। উৎপাদন পদ্ধতিতে বাংলাদেশেও বিশ্বের সাথে তাল মিলিয়ে এগিয়ে চলেছে এবং টেকসই ও জ্ঞানভিত্তিক শিল্পায়নের ধারা জোরদার করছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেতৃত্বে বর্তমান সরকারের রূপকল্প-২০৪১, টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০ এবং অষ্টম পঞ্চ বার্ষিক পরিকল্পনায় নিধারিত লক্ষ্যমাত্রা অর্জনে শিল্প মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

শিল্পখাতে উৎপাদনশীলতা বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য দূরীকরণ এবং সৃজনশীলতাকে উৎসাহিত করার লক্ষ্যে যোগ্য শিল্প উদ্যোক্তাদের প্রণোদনা প্রদান প্রভূত গুরুত্ব বহন করে। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশে রূপান্তর, স্মার্ট বাংলদেশ বিনির্মাণ, টেকসই শিল্পায়নের প্রসার এবং নতুন উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে সিআইপি সম্মাননা প্রদান ইতিবাচক ভূমিকা রাখবে বলে আশা করা যায়। আমি পদক প্রাপ্ত শিল্পোদ্যোক্তাদের আন্তরিক অভিনন্দন জানাই। তাঁদের ব্যক্তিগত ও পারিবারিক জীবনের সমৃদ্ধির পাশাপাশি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উত্তোরোত্তর উন্নতি কামনা করছি।

আমি সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান অনুষ্ঠানের সার্বিক সাফল্য কামনা করছি এবং এ আয়োজনের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

জয় বাংলা।
বাংলাদেশ চিরজীবি হোক।

মোঃ মাহবুব হোসেন

মো: জসিম উদ্দিন
সভাপতি
এফবিসিসিআই

বাণী

শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যাক্তি বা সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

বাংলাদেশ এখন বিশ্ব অর্থনীতিতে এক অন্যতম উদীয়মান শক্তি। বিশ্ব সম্প্রদায়ের মতে বাংলাদেশ আগামী কয়েক বছরের মধ্যে অন্যতম অর্থনৈতিক শক্তি হিসেবে আবির্ভূত হতে যাচ্ছে। সরকারের সাথে বেসরকারি খাতের সম্মিলিত উদ্যোগেই দেশের এ অগ্রগতি সম্ভব হচ্ছে। বিশ্বের সাথে তাল মিলিয়ে দেশের শিল্পায়নকে সমৃদ্ধ করতে শিল্প মন্ত্রণালয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী দিকনির্দেশনার ফলে কাঙ্ক্ষিত এ উন্নয়ন সম্ভব হচ্ছে।

শিল্পখাতে গুনগত পরিবর্তনের অভিযাত্রায় বেসরকারি শিল্প উদ্যোক্তাদের অবদান অনন্য। বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যাক্তি বা সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান বেসরকারি শিল্প উদ্যোক্তা ও প্রতিষ্ঠানের প্রতি সরকারের ধারাবাহিক পৃষ্ঠপোষকতার এক উজ্জল দৃষ্টান্ত। এ স্বীকৃতি উদ্যোক্তাদেরকে টেকসই শিল্প স্থাপন পণ্য বৈচিত্রকরণ, ও উৎকর্ষ সাধনে অনুপ্রাণিত করবে। আমি আশা করি, দেশীয় শিল্প প্রতিষ্ঠানসমূহ তাদের মেধা, সৃজনশীল চিন্তা এবং সংশিষ্ট কলাকৌশলের সঠিক চর্চার মাধ্যমে একবিংশ শতাব্দীর চাহিদা উপযোগী পণ্য উৎপাদনে সক্ষম হবে।

এবিসিসিআই এর পক্ষ থেকে সিআইপি পদকপ্রাপ্ত সকল শিল্পোদ্যোক্তা এবং সৃজনশীল এই উদ্যোগের সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছি। আমি সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান অনুষ্ঠানের সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

মোঃ জসিম উদ্দিন

জাকিয়া সুলতানা
সচিব
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা।

বাণী

শিল্প মন্ত্রণালয় হতে প্রতি বছরের ন্যায় এ বছরও দেশের শিল্প খাতে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ শ্রেষ্ঠ শিল্প প্রতিষ্ঠানসমূহকে 'সিআইপি (শিল্প)-২০২১' প্রদান করা হচ্ছে। আমি 'সিআইপি (শিল্প)-২০২১' এর জন্য নির্বাচিত সকল শিল্প প্রতিষ্ঠান ও শিল্পোদ্যোক্তাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন দর্শন ছিল উৎপাদনভিত্তিক শিল্পসমৃদ্ধ সোনার বাংলা গড়ে তোলা। তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণ ও দূরদর্শী নেতৃত্বে বিগত এক দশকে শ্রমবান্ধব অন্তর্ভুক্তিমূলক টেকসই, সর্বজনীন, পরিবেশবান্ধব শিল্পায়ন খাতের অবদান ৩৭.০৭ শতাংশে উন্নীত হয়েছে। প্রাতিষ্ঠানিক উদ্যোগ হিসেবে শিল্প মন্ত্রণালয়ের অডিট ম্যানেজমেন্ট সফটওয়ার জাতীয় পর্যায়ে 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' -এর সাধারণ-সরকারি (শ্রেষ্ঠ প্রতিষ্ঠান) ক্যাটাগরিতে প্রথম পুরস্কার অর্জন করেছে। শিল্প মন্ত্রণালয় কর্তৃক শিল্পবান্ধব নীতিকাঠামো ও যথাযথ কর্মপরিকল্পনা বাস্তবায়নের ফলে সাম্প্রতিক সময়ে এ মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচির ১১২.২৪% বাস্তবায়ন সম্ভব হয়েছে যা সকল মন্ত্রণালয়ের শীর্ষে। বিগত ৬২ বছরের মধ্যে এ বছর সর্বোচ্চ ২২.৩৩ লক্ষ মে. টন লবণ স্থানীয়ভাবে উৎপাদিত হয়েছে, দেশিয় কারখানায় ৯.৫০ লক্ষ মে. টন লক্ষ্যমাত্রার বিপরীতে ১০.১০ লক্ষ মে. টন ইউরিয়া সার উৎপাদিত হয়েছে, প্রথমবারের মতো একর প্রতি ১৯ মে. টনের স্থলে ৮২ মে. টন আখ স্থানীয়ভাবে উৎপাদিত হয়েছে এবং চামড়া শিল্পে ১.২৫ বিলিয়ন ইউএস ডলার রপ্তানি আয় অর্জিত হয়েছে। এছাড়াও প্রয়োজনীয় আইন প্রণয়ন এবং আন্তর্জাতিক ও দ্বি-পাক্ষিক সমঝোতা বা চুক্তি সম্পাদনের মাধ্যমে পণ্যের গুণগত মানোন্নয়ন, রপ্তানিমুখী পণ্য উৎপাদন ও পণ্যের বৈচিত্রকরণে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জাতীয় মেধাসম্পদ সুরক্ষায় ১০টি ভৌগোলিক নির্দেশক পণ্য চিহ্নিতকরণ এবং পণ্য ও সেবার জাতীয় মান সংরক্ষণের স্বীকৃতিস্বরূপ ১০৭টি অ্যাক্রেডিটেশন সনদ প্রদান করা হয়েছে। বিগত দশকে শিল্প মন্ত্রণালয় থেকে ১৫টি আইন, ৬টি বিধিমালা ও ১৮টি নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

শিল্প খাতে সফল উদ্যোক্তা বা প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান, প্রণোদনা সৃষ্টি ও সৃজনশীলতাকে উৎসাহিতকরণে শিল্প মন্ত্রণালয় থেকে সিআইপি (শিল্প) পুরস্কারের পাশপাশি 'রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার', 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার', 'ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড' ও জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কারও প্রদান করা হচ্ছে। এ বছর জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (এনসিআইডি) কোটায় ৬টি ও উন্মুক্ত কোটায় ০৮টি ক্যাটাগরির মধ্যে বৃহৎ শিল্প উৎপাদনে ২০ টি, বৃহৎ শিল্প সেবায় ০৫ টি, মাঝারি শিল্প উৎপাদনে ১০ টি, ক্ষুদ্র শিল্প উৎপাদনে ০২ টি এবং মাইক্রো শিল্পে ০১ টি প্রতিষ্ঠানকে সিআইপি (শিল্প) সম্মাননা প্রদান করা হবে।

আমি 'সিআইপি (শিল্প)-২০২১' এর জন্য নির্বাচিত সকল প্রতিষ্ঠান ও উদ্যোক্তার উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি এবং এ আয়োজনের সাথে সংশিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

জাকিয়া সুলতানা

সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা

স্যুভেনির প্রকাশনা উপকমিটি

সার্বিক পরিকল্পনা ও তত্ত্বাবধান

জনাব জাকিয়া সুলতানা
সচিব, শিল্প মন্ত্রণালয়

মীর খায়রুল আলম, যুগ্মসচিব (জাস, সমন্বয়, প্রওম এবং এপিএ), শিল্প মন্ত্রণালয়	- আহ্বায়ক
মোঃ জাহাঙ্গীর আলম, যুগ্মসচিব (মান নিয়ন্ত্রণ ও ব্যবসা সহায়তা), শিল্প মন্ত্রণালয়	- সদস্য
বদরুন নাহার, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বিএসইসি	- সদস্য
শরিফ মোঃ মাসুদ, উপসচিব (বিসিআইসি), শিল্প মন্ত্রণালয়	- সদস্য
এ,এফ,এম, আমীর হোসেন, উপসচিব (আইন), শিল্প মন্ত্রণালয়	- সদস্য
মোঃ মনিরুজ্জামান, উপসচিব (বিএসটিআই), শিল্প মন্ত্রণালয়	- সদস্য
নূর-ই-খাজা আলামীন, উপসচিব (আন্তর্জাতিক সহযোগিতা), শিল্প মন্ত্রণালয়	- সদস্য
মোস্তাক আহমেদ, উপসচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়	- সদস্য
মোঃ আব্দুল মতিন, পরিচালক (প্রকৌশল ও প্রকল্প বাস্তবায়ন), বিসিক	- সদস্য
ড. মোঃ ফয়সাল আবেদীন খান, উপসচিব (বাজেট ও হিসাব), শিল্প মন্ত্রণালয়	- সদস্য
জনাব মোঃ সলিম উল্যাহ, সিনিয়র সহকারী সচিব (নীতি), শিল্প মন্ত্রণালয়	- সদস্য
মোঃ মোস্তফা জামান, সিনিয়র সহকারী সচিব (PRGIM), শিল্প মন্ত্রণালয়	- সদস্য
মোহাম্মদ মাহমুদুল হাসান, সিনিয়র তথ্য কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়	- সদস্য
প্রকৌশলী মোঃ আব্দুল্লাহ আল মামুন, প্রোগ্রামার, শিল্প মন্ত্রণালয়	- সদস্য
আবুল বাসার মুহাম্মদ তাজুল ইসলাম, জনসংযোগ কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়	- সদস্য
ড. মোঃ সাইফুল ইসলাম, উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি), শিল্প মন্ত্রণালয়	- সদস্য-সচিব

সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা

শিল্প মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
০১	সিআইপি (শিল্প) সম্মাননা প্রদানের পটভূমি	২৫
০২	শিল্প মন্ত্রণালয়ের সংক্ষিপ্ত পরিচিতি ও আওতাধীন দপ্তর/সংস্থা	২৬
০৩	সিআইপি (শিল্প) ২০২১ হিসেবে সম্মাননা প্রাপ্তদের সংক্ষিপ্ত পরিচিতি	২৭
০৪	বিগত সময়ে সিআইপি (শিল্প) সম্মাননা প্রাপ্তদের তালিকা	৭৩
০৫	শিল্প মন্ত্রণালয়ের সাম্প্রতিক সময়ে সম্পাদিত কর্মকাণ্ডের স্থিরচিত্র	১২১

সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা

সিআইপি (শিল্প) সম্মাননা প্রদানের পটভূমি ও শিল্প মন্ত্রণালয়ের সংক্ষিপ্ত পরিচিতি

সিআইপি (শিল্প) সম্মাননা প্রদানের পটভূমি

শিল্পায়ন অর্থনৈতিক উন্নয়নের মূল চালিকাশক্তি এবং জাতীয় অর্থনৈতিক উন্নয়নে শিল্পায়নের কোন বিকল্প নেই। বর্তমান সরকার ঘোষিত "রূপকল্প ২০৪১" অনুযায়ী ২০৪১ সালে একটি শিল্পোন্নত ও স্মার্ট বাংলাদেশ বির্নিমাণের লক্ষ্যে কার্যকর শিল্পনীতি, শিল্প সহায়ক আইন ও বিধিমালা প্রণয়ন, বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্পসহ এসএমই শিল্পের উন্নয়ন, পণ্যের গুণগত মান উন্নয়ন এবং উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে শিল্পায়নের ধারাকে বেগবান করতে শিল্প মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। বাংলাদেশের অর্থনীতিতে শিল্প খাতের অবদান ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে জিডিপিতে শিল্পখাতের অবদান ৩৭.০৭% এবং ২০৩০ সালে জিডিপিতে শিল্পখাতের অবদান ৪০% উন্নীত করার লক্ষ্য নিয়ে প্রয়োজনীয় কার্যক্রম হাতে নেয়া হয়েছে।

পণ্য উৎপাদন, বাজারজাতকরণ এবং কর্মসংস্থানের মাধ্যমে বাংলাদেশে দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধিতে বেসরকারিখাতে প্রতিষ্ঠিত শিল্প কারখানাসমূহ গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এসডিজি ও রূপকল্প ২০৪১ বাস্তবায়নে বেসরকারি খাত প্রধান চালিকাশক্তি হিসেবে কাজ করছে। যেহেতু শিল্পখাতসহ দেশের সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ বেসরকারিখাতে প্রতিষ্ঠিত শিল্প কারখানায় বিনিয়োগ ও পরিচালনায় সম্পৃক্ত বাংলাদেশি নাগরিকদের মধ্য হতে সরকার প্রতি বছর বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণ করে। সে লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা ২০১৪ প্রণয়ন করে এবং বেসরকারিখাতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি, প্রণোদনা এবং সৃজনশীলতাকে উৎসাহিত করার জন্য প্রতিবছর শিল্পকারখানায় বিনিয়োগ ও পরিচালনায় সম্পৃক্ত বাংলাদেশের নাগরিকদের মধ্য হতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) সম্মাননা প্রদান করে থাকে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী প্রতিবছর বিভিন্ন সেক্টরে সর্বোচ্চ ৬০ (ষাট) জনকে সিআইপি (শিল্প) হিসেবে নির্বাচন করার সুযোগ রয়েছে। জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (এনসিআইডি) পদাধিকারবলে যারা দেশের শিল্পখাতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে, তাদের মধ্য হতে এই নীতিমালার শর্ত পূরণ সাপেক্ষে অনধিক ১০ (দশ) জন সদস্যকে এবং ৮টি ক্যাটাগরি বৃহৎ উৎপাদন, বৃহৎ সেবা, মাঝারি উৎপাদন, মাঝারি সেবা, ক্ষুদ্র উৎপাদন, ক্ষুদ্র সেবা, মাইক্রো ও কুটির শিল্পখাতে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে অনধিক ৫০ (পঞ্চাশ) জনকে নির্বাচন করা হয়। ২০০৯ সাল হতে এ পর্যন্ত ৩৮৮ জনকে সিআইপি (শিল্প) সম্মাননা প্রদান করা হয়েছে এবং ২০২১ সালের জন্য এনসিআইডি পদাধিকারবলে ০৬ জন, বৃহৎ শিল্প (উৎপাদন) ২০জন, বৃহৎ শিল্প (সেবা) ৫ জন, মাঝারি শিল্প (উৎপাদন) ১০ জন, ক্ষুদ্র শিল্প (উৎপাদন) ০২ জন এবং মাইক্রো শিল্পে ০১জনসহ সর্বমোট ৪৪ জনকে সিআইপি (শিল্প) সম্মাননা প্রদানের জন্য নির্বাচন করা হয়েছে। নির্বাচিত সিআইপিগণ রাষ্ট্রীয় পর্যায়ে বিশেষ সুযোগ-সুবিধা পেয়ে থাকেন।

বাংলাদেশের ক্রমবর্ধমান শিল্পায়নকে আরও বেগবান করা এবং অর্জিত অগ্রগতিকে ধরে রাখা ভবিষ্যতের জন্য বড় চ্যালেঞ্জ। বর্তমান মুক্ত বাজার অর্থনীতির সাথে তাল মিলিয়ে বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের শিল্প উদ্যোক্তাগণ যাতে স্বার্থক হন, সে লক্ষ্যে সরকার নানামুখি উদ্যোগ নিয়েছে। ৪র্থ শিল্প বিপ্লবের অভিঘাত বিবেচনায় নিয়ে দেশের শিল্পায়নকে কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে সরকার ও বেসরকারিখাত একসাথে মিলে কাজ করার প্রয়োজন রয়েছে। তারই ধারাবাহিকতায় সিআইপি (শিল্প) সম্মাননা প্রদান করা হয়ে থাকে।

শিল্প মন্ত্রণালয়ের সংক্ষিপ্ত পরিচিতি ও আওতাধীন দপ্তর/সংস্থা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্মৃতি বিজড়িত শিল্প মন্ত্রণালয় একটি ঐতিহ্যবাহী মন্ত্রণালয়। বাংলাদেশের স্বাধীনতা অর্জনের পূর্বে পাকিস্তান সরকারের শিল্প মন্ত্রণালয় ব্যাণিজ্য ও শিল্প (Commerce & Industries) বিভাগের মাধ্যমে তৎকালীন প্রাদেশিক রাজধানী ঢাকায় শিল্প সম্পর্কিত কর্মকাণ্ড পরিচালিত হতো। ১৯৫৬ সালে কোয়ালিশন সরকারের শাসনকালে স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শিল্প, বাণিজ্য, শ্রম, দুর্নীতি দমন ও গ্রাম সহায়তা দপ্তরের মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। এ সময়ে তিনি সমৃদ্ধ দেশ গঠনে শিল্প বিকাশকে প্রাধান্য দিয়েছিলেন ও দেশের শিল্প উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেন। যার মধ্যে অন্যতম হচ্ছে 'ইপসিক' প্রতিষ্ঠা করা, যা আজ 'বিসিক' অর্থাৎ বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন হিসেবে সুপ্রতিষ্ঠিত হয়।

বাংলাদেশ স্বাধীনতা লাভের পূর্বে সাবেক পাকিস্তান কেন্দ্রীয় সরকারের শিল্প মন্ত্রণালয়ের অধীন প্রাদেশিক রাজধানী ঢাকায় বাণিজ্য ও শিল্প ডিপার্টমেন্ট এর মাধ্যমে শিল্প সম্পর্কিত কর্মকাণ্ড পরিচালিত হতো। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালে শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয় নামে একটি মন্ত্রণালয় গঠন করা হয়। পরবর্তীতে শিল্প ও বাণিজ্য দু'টি আলাদা মন্ত্রণালয় হিসেবে আত্মপ্রকাশ করে। অতঃপর শিল্প মন্ত্রণালয়ের কর্মপরিধিভুক্ত পাট ও বস্ত্র মন্ত্রণালয়, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্রাইভেটাইজেশন কমিশনও শিল্প মন্ত্রণালয় থেকে পৃথক হয়ে যায়। শিল্প মন্ত্রণালয়ের অধীন বর্তমানে ৪টি করপোরেশন, ৬টি দপ্তর/অধিদপ্তর, একটি বোর্ড এবং ২টি ফাউন্ডেশন কাজ করছে। শিল্প মন্ত্রণালয়ের ভিশন, মিশন এবং করপোরেশন ও দপ্তরসমূহের তথ্য নিম্নে প্রদান করা হলো :

ভিশন: উচ্চ মধ্যম আয়ের দেশ বিনির্মাণে পরিবেশবান্ধব শিল্পায়ন।

মিশন: রপ্তানিযোগ্য ও আমদানি বিকল্প শিল্পের প্রসার, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে সার উৎপাদন ও সরবরাহ, দক্ষ জনবল ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে উচ্চ মধ্যম আয়ের দেশ বিনির্মাণে পরিবেশবান্ধব শিল্পায়ন।

করপোরেশন

- বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন (বিসিআইসি)
- বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (বিএসএফআইসি)
- বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি)
- বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

দপ্তর

- বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)
- বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)
- বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)
- পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)
- প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়

বোর্ড

- বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)

ফাউন্ডেশন

- ক্ষুদ্র ও কুটির শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ)
- ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন (এসএমসিআইএফ)

বর্তমানে ৯টি অনুবিভাগের মাধ্যমে শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পরিচালিত হচ্ছে। অনুবিভাগগুলো হচ্ছে:

- জাস, সমন্বয়, প্রওম ও এপিএ
- প্রশাসন
- রাষ্ট্রায়ত্ত করপোরেশন
- বিসিক, এসএমই ও বিটাক
- নীতি, আইন ও আস
- মান নিয়ন্ত্রণ ও ব্যবসা সহায়তা
- আইসিটি, ইনোভেশন ও পলিসি রিসার্চ এন্ড গ্লোবাল ইস্যুজ ম্যানেজমেন্ট
- জাহাজ পুনঃপ্রক্রিয়া, বিরা, বেখা ও বিআইএম
- পরিকল্পনা

সিআইপি (শিল্প) ২০২১

সম্মাননা প্রাপ্তদের সংক্ষিপ্ত পরিচিতি

শেখ ফজলে ফাহিম

সভাপতি
২০১৯-২০২১
দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
(এফবিসিসিআই)

জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (এনসিআইডি) পদাধিকারবলে

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

Mr. Sheikh Fazle Fahim is an entrepreneur and community leader with extensive experience in business development and social impacts in economy, education, arts, health, sports, innovation and entrepreneurship. Fahim is a board member of multiple domestic and international institutions. He received prestigious domestic and international awards including Commercial Important Person (CIP), Government of Bangladesh, Certificate of Merit from World Customs organization and International Construction Business Award from the Global Trade Leaders' Club to name a few.

He is the President of D-8 Chamber of Commerce and Industries (D-8 CCI). Chair, Indian Ocean Rim Business Forum, trade and investment body of Indian Ocean Rim Association. In addition, he is Vice President of Confederation of Asia Pacific Chamber of Commerce and Industries (CACCI), Vice President of South Asian Association of Regional Cooperation (SAARC), Chamber of Commerce and Industries (SCCI) representing eight South Asian countries.

Fahim's contributions towards regional, bilateral and multilateral initiatives is evident through his leadership at private-public platforms of the WTO, D-8, ASEAN, SAARC, BIMSTEC, BBIN, SRCIC, OIC, APTA and at the Commonwealth. Fahim served as President (2019-2021), Federation of Bangladesh Chambers of Commerce and Industries (FBCCI), national umbrella trade and investment organization, Global Advisor (2019-2020), Commonwealth Enterprise Investment Council (CWEIC), trade and investment wing of Commonwealth, Executive Committee Member (2018-2020), Silk Route International Chambers of Commerce (SRCIC). Fahim's expertise in providing breakthrough leadership with a view to achieving corporate social strategies, building coalition to support sustainable development enabling technology, innovation and drive agile organizational performance is highlighted through his civic standing in the community.

Fahim is currently the Managing Director of Obsidian Bangladesh Ltd, a conglomerate with business interest in technology, education, healthcare, manufacturing, distribution, EPC and trading. He is the Chairman of RHS Group Ltd, a conglomerate engaged in energy, new media, construction, FMCG etc. He earlier worked as the Financial Adviser at the Edward Jones Investments, a global financial organization. With an academic background in Masters of Liberal Arts in Political Economy from the St. Edwards University in Austin Texas, United States; as part of the master's program, he also attended Harvard University in Cambridge, Massachusetts, United States.

CIP (Industry) 2021 award has been given to Sheikh Fazle Fahim for his outstanding contribution in the field of Industry.

জনাব কামরান তানভিরুর রহমান

সভাপতি

(২০১৯-২০২১)

বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন

(বিইএফ)

জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (এনসিআইডি) পদাধিকারবলে

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

Mr. Kamran T. Rahman is the President of Bangladesh Employers' Federation (BEF). He is also the Chairman and Managing Director of The Kapna Tea Co. Ltd. and Pubali Jute Mills Limited. He has also served as a Member of the Governing Body of the International Labour Organization (ILO), Geneva and as the Regional Vice-President of the International Organisation of Employers (IOE), Geneva, for Asia and the Pacific. In addition, he has also served in the past as a Director of the Federation of Bangladesh Chambers of Commerce and Industry (FBCCI), Vice President of the Metropolitan Chamber of Commerce and Industry, Dhaka (MCCI), Chairman of Bangladesh Jute Mills Association (BJMA) and as a Vice Chairman of the Bangladeshiyo Cha Sangshad (Bangladesh Tea Association). He also served as a member of the National Wages and Productivity Commission for state-owned enterprises, Labour Code Review Committee, Minimum Wage Board and Jute Sector Advisory Committee, Government of Bangladesh. Mr. Rahman is a Mechanical Engineer by profession.

CIP (industry) 2021 award has been given to Mr. Kamran Tanvirur Rahman for his Significant contribution in the field of Industry.

জনাব মোহাম্মদ আলী খোকন

সভাপতি

(২০১৮-২০২১)

বাংলাদেশ টেক্সটাইল মিলস

এসোসিয়েশন (বিটিএমএ)

জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ
(এনসিআইডি) পদাধিকারবলে

বাণিজ্যিক
গুরুত্বপূর্ণ ব্যক্তি
(শিল্প)
২০২১

Mr. Mohammad Ali Khokon born on the 25th December 1962 and earned M.Sc from Jagannath University. He is the Chairman of Maksons Group. Maskons group has Maksons Spinning Mills Limited, Metro Spinning Limited. Maskon Textiles Limited, La-Muni Appealers Ltd, Gardenia Wears ltd, Maksons Denim & Apparels Limited, Maksons Properties & Development Limited, Makcot International, Mak Fashion, Mak Sourcing Limited and Mutual Capital Limited. Mohammad Ali Khokon was also the director of the Federation of Bangladesh Chambers of Commerce & Industry (FBCCI) and International Chamber of Commerce (ICC) He was ex-director of Bangladesh German Chamber of Commerce and industry (BGCCI) and President of Bangladesh Textiles Mills Association (BTMA). He has different social affiliations like Permanent Member of Dhaka Club Limited and Donor Member Gulshan, Uttara and banani Club Limited.

Mr. Mohammad Ali Khakon has been awarded CIP (Industry) 2021 for his significant contribution in the field of Industry

মিজ্ রুপালি হক চৌধুরি

সভাপতি

(২০১৯-২০২১)

ফরেন ইনভেস্টরস চেম্বার অব কামার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফআইসিসিআই)

জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (এনসিআইডি) পদাধিকারবলে

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

Mrs. Rupali Chowdhury is an MBA from IBA, University of Dhaka, and completed her graduation with Honours in Chemistry from the University of Chittagong.

She started her career with Multinational Pharmaceutical & Chemical Company, 'Ciba Geigy (Bangladesh) Limited', in 1984 in the Department of Planning Information and Control and worked there for about six and a half years. She held the post of the Brand Manager while leaving Ciba Geigy (Bangladesh) Limited in 1990.

Mrs. Rupali Chowdhury joined Berger Paints Bangladesh Limited in 1990 as Planning Manager and during her tenure she worked for various departments such as Marketing, Sales, Distribution, Planning and Systems under different supervisory capacities. Ms. Chowdhury was promoted to the position of Managing Director of the Company on 1 January 2008. She is also the Managing Director of Jenson & Nicholson (Bangladesh) Limited, a 100% subsidiary of Berger Paints Bangladesh Limited and Director of Berger Becker Bangladesh Limited, a joint venture between Berger Paints Bangladesh Limited and Becker Industrial Coatings Holding AB Sweden and Berger Fosroc Limited (a joint venture between Berger Paints Bangladesh Limited and Fosroc International Limited, UK) dealing with Construction Chemicals, which was formed during her tenure as MD She is associated with many organizations and performed his duties properly in all respects .

Mrs. Chowdhury has been awarded CIP (Industry) 2021 for her outstanding performance in the Industrial sector.

জনাব এ কে এম সেলিম ওসমান

সভাপতি
(১০১৯-২০২১)
বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স
এন্ড এক্সপোর্টার্স এ্যাসোসিয়েশন
(বিকেএমইএ)

জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ
(এনসিআইডি) পদাধিকারবলে

বাণিজ্যিক
গুরুত্বপূর্ণ ব্যক্তি
(শিল্প)
২০২১

জনাব এ কে এম সেলিম ওসমান এমপি ১৯৫৮ সালের ২৬ অক্টোবর নারায়ণগঞ্জের চাষাড়ায় পৈতৃক নিবাস ঐতিহাসিক 'বায়তুল আমানে' জন্মগ্রহণ করেন। মুক্তিযুদ্ধ পরবর্তী বাংলাদেশে হাতে গোনা যে কয়েকজন তরুণ স্বাবলম্বিতা অর্জনের পাশাপাশি সংগঠক হিসেবে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠনে এগিয়ে এসেছিলেন, তাঁদের মধ্যে অন্যতম এ.কে.এম সেলিম ওসমান এমপি। নীটওয়্যার খাতের সফল উদ্যোক্তা হিসেবে তিনি দেশের অর্থনৈতিক উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখার পাশাপাশি এই খাতের প্রতিনিধিত্বকারী সংগঠন বিকেএমইএ প্রতিষ্ঠার পর থেকে বাংলাদেশ সরকার, বিভিন্ন দাতা গোষ্ঠী এবং নীট উদ্যোক্তাদের সাথে নিয়ে এই খাতের যুগোপযোগী আধুনিকায়ন, নীটপণ্যের বহুমুখীকরণ ও নতুন বাজার সম্প্রসারণে ধারাবাহিকভাবে সচেষ্ট আছেন। এই খাতের শ্রমিক অসন্তোষ শূন্যের কোটায় নামিয়ে আনার পাশাপাশি শতভাগ কমপ্লায়েন্ট ফ্যাক্টরি নিশ্চিতকরণ, শিক্ষিত ও শ্রমজীবি জনগোষ্ঠীকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তিতে পরিণতকরণ এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে আগামী স্বপ্নের বাংলাদেশ গঠনে তিনি সাংগঠনিকভাবে কাজ করে যাচ্ছেন।

জনাব এ.কে.এম সেলিম ওসমান 'উইজডম অ্যাটায়ার্সের' স্বত্বাধিকারী। নারায়ণগঞ্জের মানুষের কল্যাণে কর্মসংস্থান সৃষ্টি ও মৌলিক চাহিদা পূরণের পাশাপাশি সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে ৭ টি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন ও হাসপাতাল নির্মাণ করেছেন। রাস্তাঘাট, ব্রিজ-কালভার্ট নির্মাণের মত বিষয়াদির বাইরেও দারিদ্র্য পীড়িত অঞ্চলে নিজস্ব খরচে শিক্ষার আলো পৌঁছে দেয়া, এলাকার মানুষের ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি, সুচিকিৎসার ব্যবস্থা গ্রহণ, সর্বোপরি পরিকল্পিত শিল্পায়ন তথা প্রাচ্যের ডান্ডি খ্যাত নারায়ণগঞ্জকে আধুনিক শিল্প-শহর হিসেবে পরিচিতিকরণে তাঁর অবদান রয়েছে।

নীট খাতের প্রতিনিধিত্বকারী সংগঠন বিকেএমইএ'র প্রতিষ্ঠাকালীন সংগঠক ও বর্তমান সভাপতি এ.কে.এম সেলিম ওসমান এমপি একাধারে এফবিসিসিআই এর পরিচালক ও নারায়ণগঞ্জ চেম্বার এন্ড কমার্সের প্রাক্তন সভাপতি।

শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব এ কে এম সেলিম ওসমানকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব আনোয়ার উল আলম চৌধুরী

সভাপতি
(২০১৯-২০২১)
বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ
(বিসিআই)

জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ
(এনসিআইডি) পদাধিকারবলে

বাণিজ্যিক
গুরুত্বপূর্ণ ব্যক্তি
(শিল্প)
২০২১

Mr. Anwar-ul Alam Chowdhury, a prominent and a visionary businessman of Bangladesh is the Managing Director of Evince Group, President of Bangladesh Chamber of Industries (BCI), President of Dhaka University Alumni Association (DUAA), Director of FBCCI, Executive Board Member of International Chamber of Commerce (ICC) & Bangladesh Foreign Trade Institute (BFTI).

He was born in Dhaka on 23 November, 1959 in a respectable Muslim family. He completed his Bachelors of Management from Dhaka University. Furthermore, to pursue Master of Business Administration, he went to the USA. He Started his journey as a start-up entrepreneur in 1983 & set-up a Export Oriented Garments Industry named "Evince Garments Limited" and today became one of the successful entrepreneurs having Textile & Garments Industries as well as retails business and employed more than 10,000 employees under the Evince Group. He is a visionary business leader who is always optimistic and find out the opportunities in any circumstances.

He loves the nation and devoted his life for the young generation. Being a president of BGMEA in 2007-2009, he set agenda for the industry - (1) Uplift country image (2) Development of human resources through professional courses for the management team and through technical & vocational courses, skill development for the workers (3) Compliance of the industry (4) Eco-friendly atmosphere of the factory an so on.

As a president of BCI (Bangladesh Chamber of Industries) he tried to bring forward some of the opportunities for the policy maker as well as for the entrepreneurs. The areas are Light engineering industries, Halal goods, Agro process industries, Blue economy. He often brings forward in the discussion that "Education must be based on Industry requirement". For that reason higher studies, professional courses, technical & vocational courses must be designed in a way through proper course curriculum and the development of teachers capacity so that students can cater the industry requirement.

As a part of his Corporate Social Responsibility, he is involved and regularly contributes to the various welfare activity programs. He is a member of Gulshan Shooting Club, Gulshan Youth Club and Kurmitola Golf Club. As a social person he is a member of Uttara Club, Banani Club and life member of Bangladesh Diabetic Association.

Mr. Anwarul-ul Alam Chowdhury has been awarded CIP (Industry) 2021 for his significant contribution to the industrial sector.

জনাব এরিক এস. চৌধুরী

ব্যবস্থাপনা অংশীদার

স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

জনাব এরিক এস, চৌধুরী স্কয়ার গ্রুপ এর চেয়ারম্যান জনাব স্যামুয়েল এস, চৌধুরীর একমাত্র পুত্র এবং বাংলাদেশের শিল্পায়নের অন্যতম পুরোধা ও কিংবদন্তী ব্যাক্তিত্ব ও স্কয়ার গ্রুপ এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান প্রয়াত স্যামসন এইচ চৌধুরীর পৌত্র। মিঃ চৌধুরী ২রা জুলাই ১৯৮৪ সালে জন্মগ্রহন করেন। তিনি বিখ্যাত অস্ট্রেলিয়ান ইন্টারন্যাশনাল স্কুল ও ইউনাইটেড ওয়ার্ল্ড কলেজে অধ্যয়ন সম্পন্ন করেন এবং ২০০৭ সালে বাওয়ার্ড কমুউনিটি কলেজ, সিঙ্গাপুর থেকে ব্যবসায় প্রশাসনে উচ্চতর ডিপ্লোমা ডিগ্রি অর্জন করেন। তিনি সাউদার্ন ক্রস ইউনিভার্সিটি, নিউ সাউথ ওয়েলস, অস্ট্রেলিয়ার ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (MDIS) এর মাধ্যমে আন্তর্জাতিক ব্যবসায় স্নাতক ডিগ্রি লাভ করেন। জনাব এরিক এস চৌধুরী ২০১০ সালে ম্যানেজমেন্ট কোঅর্ডিনেটর হিসেবে স্কয়ার গ্রুপে যোগদান করেন।

১৯৫৮ সালে প্রতিষ্ঠিত স্কয়ার ফার্মাসিউটিক্যালস্ লিঃ বর্তমানে দেশের সর্ববৃহৎ ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান। পাবনা ও গাজীপুরে স্থাপিত স্কয়ার ফার্মাসিউটিক্যালস্-এ রয়েছে সর্বাধুনিক ও বিশ্বমানের উৎপাদন ফ্যাসিলিটিজ। প্রায় ১৫ হাজার দক্ষ ও প্রশিক্ষিত কর্মকর্তা-কর্মচারীর সার্বক্ষণিক তত্ত্বাবধানে ও কঠোর মান নিয়ন্ত্রণে উৎপাদিত হয় বিশ্বমানের ঔষধ সামগ্রী। প্রায় শতভাগ অভ্যন্তরীণ চাহিদা পূরণ করে স্কয়ার ফার্মা ৫০টির অধিক দেশে জীবন রক্ষাকারী ঔষধ রপ্তানি করছে। কোম্পানির বর্তমান বার্ষিক টার্নওভার ৬,৬৪০ (ছয় হাজার ছয়শত চল্লিশ) কোটি টাকা।

দেশের অন্যতম বৃহৎ শিল্প প্রতিষ্ঠান স্কয়ার গ্রুপ বর্তমানে ২৮টি কোম্পানির সমন্বয়ে গঠিত। এখানে রয়েছে, স্কয়ার ফার্মাসিউটিক্যালস্, স্কয়ার টেক্সটাইলস্, স্কয়ার ফ্যাশন্স, স্কয়ার ট্রয়লেট্রিজ, স্কয়ার ফুড এন্ড বেভারেজ, স্কয়ার হসপিটালস্, মাছরাঙ্গা কমিনিউকেশনস, স্কয়ার ডেনিমস্, স্কয়ার ইনফরমেটিক্স, স্কয়ার লাইফসায়েন্স, স্কয়ার এগ্রো ডেভেলপমেন্ট, ফার্মা প্যাকেজেজ, সাবাজপুর টি কোম্পানি লিমিটেড, স্কয়ার এভিয়েশন এবং স্কয়ার হেলথ্ ইত্যাদি।

ফার্মাসিউটিক্যালস শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব এরিক এস. চৌধুরীকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব আলীহুসাইন আকবরআলী

চেয়ারম্যান

বিএসআরএম স্টীলস লিমিটেড

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

স্টিল জগতের ইতিহাসে বাংলাদেশে বিএসআরএম একটি প্রিয় নাম। সুদীর্ঘ প্রায় ৭১ বছর ধরে বিএসআরএম দেশ ও দেশের মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে। সুদীর্ঘ এ পথচলায় মানুষের যে আস্থা ও ভালবাসা আমাদের উপর তৈরি হয়েছে সেটাকে আমরা বিনম্র চিত্তে শ্রদ্ধা করি এবং সে বিশ্বাস ভবিষ্যৎ দিনগুলোতেও যাতে অটুট থাকে সেজন্য আমাদের নিরন্তর প্রচেষ্টা ও অবিরত ভাবে ছুটে চলা। অনেক চড়াই-উৎরাই পেরিয়ে এবং মালিক, কর্মকর্তা, কর্মচারীদের সম্মিলিত প্রচেষ্টায় বিএসআরএম আজকে এ পর্যায়ে উপনীত হয়েছে।

বিএআরএম স্টিলস্ লিমিটেড একটি পাবলিক লিমিটেড কোম্পানি এবং মে, ২০০৮ ইংরেজী সাল প্রতিষ্ঠিত। এটি একটি বৃহৎ শিল্প প্রতিষ্ঠান। স্থানীয় এবং আন্তর্জাতিক বাজার থেকে আমরা কাঁচামাল সংগ্রহ করি। উৎপাদিত পণ্যের মধ্যে রয়েছে বিভিন্ন আকারের এম.এস রড। বর্তমানে বিএআরএম গ্রুপে প্রায় ৪,০০০ (চার হাজার) লোকের মত কর্মকর্তা-কর্মচারী নিয়োজিত আছেন এবং আমরা নিকট ভবিষ্যতে আরও বিলেট এবং রি-রোলিং করখানা স্থাপন করতে যাচ্ছি যার কাজ সমাপ্ত হলে আরো কয়েক শত লোকের কর্মসংস্থান সৃষ্টি হবে বলে দৃঢ়ভাবে আশাবাদী। উল্লেখ্য, বিএসআরএম গ্রুপের বর্তমান বার্ষিক টার্নওভার প্রায় ১৪,০০০ (চৌদ্দ হাজার) কোটি টাকার অধিক এবং বিগত তিন বছরে বিএসআরএম গ্রুপ ৭.১২৩ (সাতহাজার একশত তেইশ) কোটি টাকারও অধিক ভ্যাট, ট্যাক্স, ইলেকট্রিসিটি বিল সহ অন্যান্য বিল বাবদ রাষ্ট্রীয় কোষাগারে জমা দিয়েছে। সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বিগত তিন বছরে বিএসআরএম ছয় কোটি উনিশ লাখ টাকার অধিক জনকল্যাণে ব্যয় করেন। শিক্ষা প্রসারের লক্ষ্যে চট্টগ্রাম বাংলাবাজারস্থ বোরহানী বিএসআরএম স্কুল সম্পূর্ণ বিনাবেতনে গরীব ও দুঃস্থ শিশুদের বিগত একদশক ধরে পাঠদান করে আসছে। শিল্প মন্ত্রণালয় কর্তৃক ঘোষিত মর্যাদাপূর্ণ রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার, বেষ্ট ব্র্যান্ড ট্রফি, বেষ্ট প্রেজেনটেড এ্যানুয়াল রিপোর্ট, বেষ্ট বিজনেস এ্যাওয়ার্ড (আইসিএবি), পরিবেশ পদক, এসসিবি-এফই সিএসআর, ২০১৩-২০১৪, ২০১৫-২০২১৫ এবং ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৯-২০২২ অর্থবছরের জাতীয় রপ্তানি ট্রফি, ২০১৬-২০১৭ অর্থবছরে প্রকৌশল বিভাগে প্রথম স্থান অধিকারসহ অত্র প্রতিষ্ঠান নানা পুরস্কারে ভূষিত হয়।

নৈতিকতা ও মূল্যবোধের উপর অবিচল থাকা আমাদের কোম্পানির উন্নতির অন্যতম প্রধান সোপান হিসেবে বিবেচিত। কারখানায় পরিবেশ সুরক্ষার সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পরিবেশকে দূষণমুক্ত রাখা যেমনিভাবে আমরা প্রতিশ্রুতিদ্ধ, তেমনিভাবে পণ্যের আন্তর্জাতিক গুণগত মান বজায় রেখে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি করা বা জাতীয় প্রবৃদ্ধিসহ সার্বিক অর্থনীতিকে গতিশীল রাখা আমাদের কোম্পানির অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য। নতুন নতুন পণ্য উদ্ভাবনের মাধ্যমে দেশের স্টিল সেক্টর যেন আমদানি মুক্ত থাকে এবং অহেতুক দেশের বৈদেশিক মুদ্রা যাতে অপচয় না হয় সেটিও আমাদের সক্রিয় বিবেচনায় থাকে। শুধু তাই নয় ইতোমধ্যে আমাদের উৎপাদিত পণ্য বিদেশে রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করছি এবং অদুর ভবিষ্যতে রপ্তানি যাতে আরো বৃদ্ধি পায় সে লক্ষ্যে আমাদের পদচারণা অব্যাহত রয়েছে।

দেশের গর্ব পদ্মা সেতু, কর্ণফুলি টানেল, বঙ্গবন্ধু সেতু, মেঘনা গোমতী সেতু, শাহ আমানত সেতু, মেয়র হানিফ ফ্লাইওভার সেতুসহ অসংখ্য প্রধান প্রধান স্থাপনার সহযোগী হতে পেরে বিএসআরএম গর্বিত।

শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব আলীহুসাইন আকবরআলীকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব মোঃ ইলিয়াস মৃধা

চেয়ারম্যান

প্রাণ ডেইরি লিমিটেড

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

জনাব ইলিয়াছ মৃধা ১৯৬৭ সালে জন্মগ্রহণ করেন এবং ফিন্যান্স বিষয়ে এম বি এ ডিগ্রী অর্জন করেন। বর্তমানে তিনি প্রাণ গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এবং প্রাণ ডেইরি লিঃ এর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন। ২০০৩ সালে নরসিংদীর ঘোড়াশালে পঞ্চাশ একর জায়গার উপর প্রাণ ডেইরি লিঃ প্রতিষ্ঠার মাধ্যমে তিনি একটি কৃষি উদ্যোগ শুরু করনে, যা দেশের খাদ্য উৎপাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বর্তমানে এই প্রতিষ্ঠানটি ৭৪২৪ জন মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করেছে।

তিনি ভারত, জাপান, সিঙ্গাপুর সহ পৃথিবীর বেশ কিছু শিল্প প্রতিষ্ঠানে শিল্প ব্যবস্থাপক এর উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রাণ মানে জীবন, আর জীবনের স্বার্থে প্রাণ সব সময় মানুষের পাশে দাঁড়ায়। প্রাণ-আরএফএল গ্রুপ হল বাংলাদেশের একটি প্রখ্যাত খাদ্য ও পানীয় পণ্য উৎপাদক কোম্পানি। এটি ১৯৮১ সালে প্রতিষ্ঠিত হয়েছিল এবং এখন খাদ্য ও পানীয় উৎপাদনের বিভিন্ন সেক্টরে অংশগ্রহণ করছে। প্রাণ গ্রুপের সদর দপ্তর ঢাকায় অবস্থিত। প্রাণ বর্তমানে খাদ্য প্রক্রিয়াকরণ, প্যাকেজিং, মিনারেল ও পানীয় পণ্য, হিমায়িত খাদ্য, টমেটো প্রসেসিং, স্ন্যাক্স ও কনফেকশনারি, মিল্ক প্রসেসিং ও অন্যান্য উৎপাদন সম্পর্কিত বিভাগে একটি পেশাদার পোর্টফোলিও রয়েছে। বর্তমানে এই প্রতিষ্ঠানটির পণ্য ১৪৫টিরও বেশি দেশে রপ্তানি হয় এবং এশিয়া, আফ্রিকা ও ইউরোপে সম্প্রসারিত হয়েছে। খাদ্য প্রক্রিয়াকরণ এবং কৃষি পণ্যের মূল্য সংযোজনের ক্ষেত্রে প্রাণ বাংলাদেশের বাজারের শীর্ষ স্থানে রয়েছে।

প্রাণ ডেইরি লিঃ বাংলাদেশে দুধ উৎপাদন এবং দুগ্ধ শিল্পের উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। প্রাণ ডেইরি হাব সৃষ্টির মাধ্যমে কৃষকদের কাছ থেকে সরাসরি দুধ সংগ্রহ করে এবং তাদের ন্যায্য মূল্য প্রদান করে। এছাড়াও, প্রাণ কৃষকদের গরু পালনে উৎসাহিত করে এবং দক্ষিণ ও উত্তর অঞ্চলে সবুজ দুগ্ধ খাত গড়ে তুলতে কাজ করে। প্রাণ বাংলাদেশে ১৫০০০ নিবন্ধিত কৃষকদের সাথে সরাসরি কাজ করছে। এর মাধ্যমে কৃষকদের আয় বৃদ্ধি করে এবং দেশে দুধ উৎপাদন বৃদ্ধি হচ্ছে। এছাড়াও প্রাণ কৃষকদের ডেইরি একাডেমি দল দ্বারা প্রশিক্ষণ দিয়ে গরু পালন ও আর্থিক উন্নয়নে ভূমিকা রাখছে।

শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব মোঃ ইলিয়াস মৃধাকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।



জনাব মোবারক আলী

ব্যবস্থাপনা পরিচালক

অলিম্পিক ইন্ডাষ্ট্রিজ লিঃ

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

Mr. Mubarak Ali is the Managing Director of Olympic Industries Limited, a leading consumer goods company in Bangladesh. With over 60 years of business experience, he has played a significant role in the company's growth and success. He is known for his strategic planning, innovative thinking, and strong leadership skills. Under his guidance, Olympic has expanded its product range, increased production capacity, and entered new markets. His ability to identify emerging trends and adapt to changing market dynamics has helped the company staying ahead of its competitors. Born in 1933 in Kanpur, India, Mubarak Ali was raised in a business-oriented family and exposed to the intricacies of running a successful business from a very young age, as his family owned and operated several small-scale enterprises.

Mr. Mubarak Ali, along with his family, founded Bengal Carbide Limited, a prosperous battery industry, in 1979. However, given that diversification required to support the company's growth objectives, the company changed its name to Olympic Industries Limited and entered the biscuits and confectionery industries in 1996. Under the leadership of Mubarak Ali, the company soon experienced considerable growth and expansion, including the introduction of a vast range of new products and brands, which helped increase its market share and established itself as the leader in the food industry in Bangladesh.

Receiving the 'President's Industrial Development Award' and being recognized as a CIP multiple times by the Ministry of Industries are great honours and testament to his dedication to the industrial development in Bangladesh. Additionally, he received the 'Business Excellence Award' on the occasion of FBCCI's 50th anniversary for his contribution to the development of industry in Bangladesh. Olympic, under his leadership, is regularly awarded the position of highest VAT taxpayer by the National Board of Revenue. It is apparent that Mubarak Ali's leadership and vision have played a significant role in the success of Olympic Industries Limited.

Apart from his professional achievements, Mubarak Ali is also known for his philanthropic work. He has been actively involved in various social initiatives aimed at improving the lives of underprivileged communities in Bangladesh. He believes that businesses have a responsibility to contribute to society and has been a strong advocate of corporate social responsibility. Mubarak Ali's leadership style is characterized by his commitment to excellence, integrity, and teamwork. He has been an inspiration to many young entrepreneurs in Bangladesh and has played a crucial role in shaping the country's business landscape. Being a member of the board of trustees of BUHS (Bangladesh University of Health Sciences), a life member of Dhaka Club, and a member of Lions Club, His work as a senior Scout and Volunteer for 20 years is also a testament to his commitment to helping others. As past Vice President & Treasurer of Lions Club, Mubarak Ali has also been involved in promoting and supporting various social welfare programs, including healthcare, education, and disaster relief efforts in Bangladesh.

Today, Mubarak Ali is considered as one of the most influential business leaders in Bangladesh. His entrepreneurial spirit, dedication, and commitment to excellence continue to inspire and motivate others to strive for success.

Mr. Mobarak Ali has been awarded CIP (Industry) 2021 for his outstanding contribution to the industrial sector .

জনাব মোহাম্মদ আবদুল্লাহ জাবের

উপ-ব্যবস্থাপনা পরিচালক

জাবের এন্ড জোবায়ের ফেব্রিক্স লিমিটেড

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

জাবের এন্ড জোবায়ের ফেব্রিক্স লিমিটেড নোমান গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের একটি অঙ্গ প্রতিষ্ঠান যা ২০০০ সালে আর্ন্তজাতিক বাজারে হোম টেক্সটাইল পণ্য রপ্তানির মধ্য দিয়ে যাত্রা শুরু করে। প্রতিষ্ঠানটির লক্ষ্য ছিল বাংলাদেশে "হোম টেক্সটাইল" শিল্পে অগ্রণী ভূমিকা পালন করা এবং গ্রাহকদের চাহিদার দিকে লক্ষ্য রেখে উন্নতমানের পণ্য উৎপাদনের মাধ্যমে গ্রাহকদের মন জয় করা।

জাবের অ্যান্ড জোবায়ের ফেব্রিক্স লিমিটেড (জেডজেড) একটি ভার্টিক্যালি ইন্টিগ্রেটেড হোম টেক্সটাইল প্রস্তুতকারক ও রপ্তানীকারক যেখানে অত্যাধুনিক যন্ত্রপাতি এবং প্রযুক্তি রয়েছে। প্রতি বছর প্রায় ২২০ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ পণ্য ইউরোপ আমেরিকাসহ বিশ্বের বিভিন্ন দেশে হোম টেক্সটাইল পণ্য রপ্তানি হয়ে আসছে। সরকারের ব্যবসাবান্ধব নীতি সহায়তা ও চমৎকার অবকাঠামো এবং সুষ্ঠ ব্যবস্থাপনার ফলে জাবের অ্যান্ড জোবায়ের ফেব্রিক্স লিমিটেড বাণিজ্য মন্ত্রনালয় কর্তৃক টানা এগারো বার দেশের সেরা রপ্তানিকারক হিসাবে স্বীকৃতি পেয়ে আসছে। রপ্তানি ও উৎপাদনের ক্যাপাসিটি বিবেচনায় এটি বিশ্বেও দ্বিতীয় বৃহত্তম হোম টেক্সটাইল কারখানা।

জাবের অ্যান্ড জোবায়ের ফেব্রিক্স লিমিটেড ব্যবসায়ের বৃদ্ধি এবং সম্প্রসারণের জন্য অত্যন্ত দক্ষ আরএন্ডডি এবং ইনোভেশন টিম রাতদিন কাজ করে যাচ্ছে। জাবের অ্যান্ড জোবায়ের ফেব্রিক্স লিমিটেড এর পণ্য কানাডা, জাপান, অস্ট্রেলিয়া ও মধ্যপ্রাচ্যে রপ্তানি হয়ে আসছে এবং প্রতি বছর নতুন বাজার সম্প্রসারণের জন্য কাজ করে যাচ্ছে।

জাবের অ্যান্ড জোবায়ের ফেব্রিক্স লিমিটেড আন্তর্জাতিক ক্রেতা সাধারণের চাহিদা অনুযায়ী সমস্ত কমপ্লায়েন্স মেনে পরিবেশ বান্ধব উৎপাদন ইউনিট স্থাপন করেছে। প্রাকৃতিক গ্যাসের সাশ্রয়ের জন্য বিদ্যুৎ শক্তির বিকল্প ব্যবহার এবং কার্বন নিঃসরণ কমানোর জন্য জাবের অ্যান্ড জোবায়ের ফেব্রিক্স লিমিটেড শীর্ষ অগ্রাধিকার তালিকায় রয়েছে এবং তারা এটিকে তাদের প্রধান সিএসআর হিসাবে বিবেচনা করে।

জাবের অ্যান্ড জোবায়ের ফেব্রিক্স লিমিটেড সৌরশক্তির ব্যবহার এবং ভূ-গর্ভস্থ পানির স্তর ঠিক রাখার জন্য বৃষ্টির পানি সংগ্রহ করে জলাধার তৈরি করে পরিবেশের ভারসাম্য রক্ষায় অগ্রণী ভূমিকা পালন করে চলছে। এ প্রতিষ্ঠান গর্বের সাথে বিশ্বের শীর্ষ স্থানীয় খুচরা বিক্রেতা এবং ক্রেতাদের কাছে বাংলাদেশি ব্র্যান্ডের প্রতিনিধিত্ব করে চলছে।

শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ তাঁকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

ড. আরিফ দৌলা

ব্যবস্থাপনা পরিচালক
এ্যাডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

Dr. Arif Dowla has been the Group CEO for 15 years of one of the largest business conglomerates in Bangladesh, having 37 business units and 17000+ employees, Main Businesses are Pharmaceuticals, Biotechnology, Agribusiness, Consumer Brands, Retail Chain, Motors and Plastics. Several of the businesses are market leaders in the country. Most of the Business are linked to the underlying development of the economy of Bangladesh in critical and enabling growth sectors. Technology adoption and digitalization are core focus areas for driving the growth of the businesses. ACI Group won "Enterprise of the Year" award from DHL-Daily Star in 2011. He served as Chairman of Mutual Trust Bank for two years (2012-2014) and Vice Chairman for four years (2007-2011). He has been appointed as Honorary Consul of Belgium in Bangladesh since 2011. He was honorable Young Global Leader of the World Economic Forum in 2009. Dr. Dowla holds a Ph.D in Mathematics from University of California, San Diego and is a member of the American Mathematical Society.

Dr. Arif Dowla has been awarded CIP (Industry) 2021 for his significant contribution to the Industrial sector.

ডাঃ মোস্তাফিজুর রহমান

ব্যবস্থাপনা পরিচালক

পপুলার ফার্মাসিউটিক্যালস লিঃ

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

পপুলার ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব ডাঃ মোস্তাফিজুর রহমান ১৯৫৩ সালের ১ নভেম্বর বগুড়া জেলার শারিয়াকান্দি থানার অন্তর্গত নারচি গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭৮ সালে রাজশাহী মেডিকেল কলেজ ও হাসপাতাল থেকে চিকিৎসা বিজ্ঞানে কৃতিত্বের সাথে এম.বি.বি.এস ডিগ্রি লাভ করেন। তিনি ১৯৮৩ সালে ঢাকার এলিফ্যান্ট রোডে পপুলার ডায়াগনস্টিক সেন্টার প্রতিষ্ঠা করেন এবং বর্তমানে সারা দেশে পপুলার ডায়াগনস্টিক সেন্টারের ২৭ টি শাখা রয়েছে, যার প্রত্যেকটি বাংলাদেশের স্বাস্থ্য সেবা খাতে সাফল্যের সাথে পথ প্রদর্শক হিসেবে এগিয়ে আছে। তিনি ২০০৫ সালে মানসম্পন্ন ঔষধ সেবার লক্ষ্যে পপুলার ফার্মাসিটিক্যালস্ লিমিটেড প্রতিষ্ঠিত করেন। ২০০৯ সালে তিনি দেশের সর্বাধুনিক প্রযুক্তিসম্পন্ন পপুলার স্পেশালাইজড হাসপাতাল প্রতিষ্ঠিত করেন এবং তারই ধারাবাহিকতায় ২০১০ সালে পপুলার মেডিকেল কলেজ প্রতিষ্ঠিত করেন। তিনি বাংলাদেশ প্রাইভেট ক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক ওনার্স অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সদস্য এবং বাংলাদেশ ঔষধ শিল্প সমিতির কার্যনির্বাহী কমিটির সদস্য। তিনি ২০১৩ সালে বিজনেস এশিয়া কর্তৃক "বাংলাদেশের ১০০ জন সফল শিল্পপতি" হিসেবে পুরস্কার গ্রহণ করেন।

২০১৬ সালে তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশে বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) হিসাবে মনোনীত হন। বেসরকারি চিকিৎসা খাতে কোভিড -১৯ মহামারি মোকাবেলায় বিশেষ অবদানের জন্য এবং বাংলাদেশে ৪০ বছরেরও বেশি সময় ধরে স্বাস্থ্যসেবায় ব্যতিক্রমধর্মী, অনুকরণীয় ও অনন্য অবদানের জন্য তাকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয় ও বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ অ্যাসোসিয়েশন (BPMCA) এর যৌথ উদ্যোগে তাকে "আজীবন সম্মাননা পুরস্কার" এ ভূষিত করা হয়।

ফার্মাসিউটিক্যালস শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ ডাঃ মোস্তাফিজুর রহমানকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব এ,এস,এম, মাঈনউদ্দিন মোনেম
উপ-ব্যবস্থাপনা পরিচালক
আবদুল মোনেম লিঃ

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

With the motto—touching Lives, Building Capabilities—Abdul Monem Limited (AML) claims its supremacy in the private entrepreneurship in Bangladesh. Under the dynamic leadership of ASM Mainuddin Monem (Managing Director-AML), the company has remained uncompromising about environment-friendly and quality outputs, safety and due-time delivery. This earned its reputation and gave it an international standard.

AML passionately expanded its activities in the vast arena of infrastructural development which includes mega projects like approach road to Padma Multipurpose bridge, MRT Project, Karnaphulli Tunnel Project, Kalna Bridge Project, Kalshi Flyover Project, SASEC-1 (WP-02), SASEC-2 (WP-05 & 07), Sylhet Cantonment Project, Cox's Bazar Termac Project, Mirersorai Project, NRBRP Project, Jalshiri Abashon Project etc. Besides AML is the bottler of Coca Cola, has Private Economic Zone and a sugar refinery. It is the producer of Igloo ice cream, Igloo milk and dairy products, food items and snacks, environment friendly bricks, bitumen and some other selected construction materials.

Starting as a family owned business, AML has transformed into a multi-disciplinary modern day business group. AML is now a platform of a 10,000 talented and highly skilled workforce engaged in diversified business operations.

AML, as the country's one of the largest infrastructural developer, has been involved in many vital projects since its inception. These quest for infrastructural development led them to construct high-rise buildings, hydraulic structures and the facilities, airport, river jetty and terminals, bus terminals, factories and so on.

Besides creating job opportunities in its diversified business operations, Abdul Monem Limited considers that it has a lot more to do for the progress and wellbeing of the society. The company has established a non-profit organization, AM Foundation, to provide the survival means to the underprivileged people.

Mr. ASM Mainuddin Monem has been awarded CIP (Industry) 2021 for his significant contribution to Industrial sector.

আলহাজ মোহাম্মদ মামুন ভূইয়া

চেয়ারম্যান

ফারিহা নীট টেক্স লিঃ

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

আলহাজ মোহাম্মদ মামুন ভুইয়া নারায়ণগঞ্জ জেলার সোনার গাঁ পৌরসভায় জন্মগ্রহন করেন। তিনি ফারিহা নীট টেক্স লিমিটেড (এসরোটেক্স গ্রুপ)-এর চেয়ারম্যান। ফারিহা নীট টেক্স লিমিটেড (এসরোটেক্স গ্রুপ) গার্মেন্টস শিল্পের প্রধান রপ্তানিকারক হিসেবে আজ বিশ্বব্যাপী বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট, ইউরোপীয় ইউনিয়ন, অস্ট্রেলিয়া, মধ্যপ্রাচ্য এবং পূর্ব ও দক্ষিণ এশিয়ায় সর্বাধিক মর্যাদায় অবস্থান করছে।

১৯৯৭ সালে ফারিহা নীট টেক্স লিমিটেড (এসরোটেক্স গ্রুপ) মাত্র ২৮টি মেশিনের ২টা লাইন নিয়ে তৈরি পোশাক শিল্প হিসেবে বৃহৎ নারায়ণগঞ্জ জেলায় যাত্রা শুরু করে। গার্মেন্টস শিল্পের পাশাপাশি তার অন্যান্য প্রতিষ্ঠান হিসেবে আইটি এবং আবাসন উল্লেখযোগ্য। জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখায় তিনি ২০১০-২০১১ অর্থবছরে জাতীয় রপ্তানি ট্রফি পেয়েছেন।

শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব মোহাম্মদ মামুন ভূইয়াকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব অঞ্জন চৌধুরী

ব্যবস্থাপনা পরিচালক

স্কয়ার ফুড এন্ড বেভারেজ লিমিটেড

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

জনাব অঞ্জন চৌধুরী বাংলাদেশের একজন সফলতম ব্যবসায়ী এবং স্কয়ার গ্রুপের অন্যতম পরিচালক। অঞ্জন চৌধুরী ১৯৫৪ সালের ১৭ই জুলাই জন্মগ্রহণ করেন এবং ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধে তিনি প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করে একজন প্রশিক্ষিত ও চৌকস কমান্ডো হিসেবে দেশের স্বাধীনতা অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। পরবর্তীতে যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অফ সাউথ ফ্লোরিডা থেকে ব্যবস্থাপনা বিষয়ে উচ্চশিক্ষা লাভ করেন। তিনি একজন শিক্ষা, সংস্কৃতি ও খেলাধুলার পৃষ্ঠপোষক হিসেবেও বিশেষভাবে সমাদৃত। তাছাড়াও তিনি একজন জাতীয় পুরস্কারপ্রাপ্ত চলচিত্র প্রযোজক। তিনি স্কয়ার গ্রুপের অঙ্গ প্রতিষ্ঠান স্কয়ার ফুড অ্যান্ড বেভারেজ লিঃ, স্কয়ার টয়লেট্রিজ লিঃ, মাছরাঙা টেলিভিশন সহ আরও অন্যান্য একাধিক প্রতিষ্ঠানের মাধ্যমে প্রতিনিয়ত সমাজের বিভিন্ন উন্নয়নমূলক ও গঠনমূলক কাজে সম্পৃক্ত থাকা ছাড়াও বহু দেশি-বিদেশি সামাজিক সংগঠনকে এ বিষয়ে পৃষ্ঠপোষকতা ও দিকনির্দেশনা দিয়ে আসছেন। জনাব অঞ্জন চৌধুরী তাঁর ব্যবসায়িক ও মানব হিতৈষী গুণাবলী দ্বারা ব্যক্তিগত, সামাজিক, অর্থনৈতিক ও বাণিজ্যিক অবদানের স্বীকৃতিস্বরূপ বেশ কয়েকবার সি আই পি এবং ২০০৮ সাল হতে অদ্যাবধি তিনি সর্বোচ্চ আয়করদাতা হিসেবে দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছেন।

সকলের জন্য খাঁটি মানের খাদ্যপণ্য নিশ্চিত করার সামাজিক দায়বদ্ধতা থেকেই জনাব অঞ্জন চৌধুরীর দূরদর্শী নেতৃত্বে স্কয়ার ফুড অ্যান্ড বেভারেজ লিঃ ২০০১ ইং সালে যাত্রা শুরু করে। যাত্রা শুরুর অল্প সময়ের মধ্যেই এই প্রতিষ্ঠান স্বাস্থ্যসম্মত খাদ্যপণ্য উৎপাদন, বাজারজাতকরণ ও সেবা নিশ্চিতকরণের মাধ্যমে ভোক্তাসাধারণের আস্থা অর্জনে সামর্থ্য হয়। মানসম্মত পণ্য ভোক্তাদের কাছে পৌঁছে দেয়ার অভিপ্রায় থেকেই প্রতিষ্ঠানটি ২০০৫ সালে ISO ৯০০১ স্ট্যান্ডার্ড অর্জন করে। মানসম্পন্ন খাদ্যপণ্য উৎপাদন, নতুন প্রযুক্তি ব্যবহার এবং মানব সম্পদের উন্নয়নের মাধ্যমে ক্রমবর্ধমান বাজারে নতুন নতুন পণ্য বাজারজাত করে প্রতিষ্ঠানটি নিজেদের অবস্থান আরো শক্তিশালী করে। সম্প্রতি স্কয়ার ফুড অ্যান্ড বেভারেজ লিঃ মানসম্পন্ন নিরাপদ খাদ্যপণ্য উৎপাদন ব্যবস্থাপনা পদ্ধতির জন্য FSSC ২২০০০ স্ট্যান্ডার্ড অর্জন করার পাশাপাশি ২০১৫ সালে প্রথম বাংলাদেশি কনজুমার পণ্য প্রতিষ্ঠান হিসেবে অত্যন্ত সম্মানজনক USFDA অনুমোদন পায়।

বর্তমানে স্কয়ার ফুড অ্যান্ড বেভারেজ লিঃ 'রাঁধুনী', 'রুচি', 'চাষী', 'চপস্টিক' এবং 'আরাম' নামে পাঁচটি জনপ্রিয় ব্র্যান্ডের পণ্য বাজারজাত করছে। বর্তমানে রাঁধুনী' ব্র্যান্ডের পণ্যসম্ভারে আছে গুঁড়া মশলা, মিক্স মশলা, শস্য পণ্য, ভোজ্য তেল। অন্যদিকে, তারুণ্যের ব্র্যান্ড 'রুচি' এর পণ্যসম্ভারে রয়েছে স্ন্যাকস জাতীয় পণ্য; যেমন চানাচুর, সস, আচার সহ নানা মুখরোচক খাবারের সমারোহ। 'চাষী' স্কয়ার ফুড অ্যান্ড বেভারেজ লিঃ-এর অন্যতম আরেকটি ব্র্যান্ড। সরাসরি কৃষকের কাছ থেকে চিনিগুড়া চাল সংগ্রহ করে 'চাষী' ব্র্যান্ড এর পণ্য বাজারজাত করা হয়ে থাকে। 'স্বাদ এবং পুষ্টির আস্থা' নিয়ে স্কয়ার ফুড অ্যান্ড বেভারেজ লিঃ বাজারজাত করছে তিনটি সুস্বাদু ফ্লেভারে টেস্টিং সল্ট মুক্ত ইনস্ট্যান্ট নুডল্‌স ব্র্যান্ড 'চপস্টিক'। এছাড়াও আম, কমলা ও আপেলের তিনটি ভিন্ন স্বাদের শতভাগ খাঁটি ফলের রস বাজারে এনেছে স্কয়ার ফুড অ্যান্ড বেভারেজ লিঃ এর ব্র্যান্ড 'আরাম'। স্কয়ার ফুড অ্যান্ড বেভারেজ লিঃ গুণগত মানসম্মত নতুন নতুন পণ্য প্রতিযোগিতামূলক দামে বাজারজাতকরণের মাধ্যমে ভোক্তাসেবা নিশ্চিত করে দেশের খাদ্যপণ্যের বাজারে শক্তিশালী ও দৃঢ় অবস্থান নিশ্চিত করে চলেছে।

শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব অঞ্জন চৌধুরীকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

ইঞ্জিঃ মোঃ সফিকুর রহমান

ব্যবস্থাপনা পরিচালক

হ্যামস গার্মেন্টস লিঃ

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

ইঞ্জিঃ মোঃ সফিকুর রহমান ব্যবস্থাপনা পরিচালক হ্যামস গার্মেন্টস লিঃ চাঁদপুরের শাহরাস্তি উপজেলায় জন্মগ্রহণ করেন। ১৯৭৯ সালে কলেজ অব টেক্সটাইল টেকনোলজিতে ভর্তি হয়ে কৃতিত্বের সাথে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করেন। পেশাগত জীবনে তিনি বিভিন্ন বেসরকারি শিল্প প্রতিষ্ঠানে কর্মদক্ষতার স্বাক্ষর রাখেন। পরবর্তীতে ১৯৯৪ সালে নিজেই শিল্প উদ্যোক্তা হিসেবে আত্মপ্রকাশ করেন। বর্তমানে তার প্রতিষ্ঠান হ্যামস্ গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ বস্ত্র ও পোশাক রপ্তানি শিল্পে দেশীয় ও আন্তর্জাতিক ভাবে সুনামের অধিকারী। তার সুযোগ্য নেতৃত্বে শিল্প প্রতিষ্ঠানটি দিনদিন আরও বৃহৎ আকারে এবং নতুন-নতুন অঙ্গপ্রতিষ্ঠান সংযোজনের মধ্য দিয়ে সম্প্রসারিত হচ্ছে।

ব্যবসায়িক সফলতার পাশাপাশি দীর্ঘদিন থেকে তিনি বিভিন্ন পেশাজীবী, সামাজিক ও ব্যবসায়িক সংগঠনের নেতৃত্ব দিয়ে আসছেন । বিশেষ করে তিনি বাংলাদেশের টেক্সটাইল প্রকৌশলীদের একমাত্র পেশাজীবি সংগঠন দি ইন্সটিটিউসন অব টেক্সটাইল ইঞ্জিনিয়ার এন্ড টেকনোলজিস্টস (আইটিইটি) বাংলাদেশ এর একজন জনপ্রিয় মুখ। তিনি আইটিইটি'র-বর্তমান চতুর্দশ কাউন্সিল-এর সভাপতি। তিনি একাধারে বাংলাদেশ চায়না চেম্বার অব কর্মাস এন্ড ইন্ডাস্ট্রিজ(বিসিসিসিআই)এর একজন পরিচালক ; দি ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি) -র টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ডিভিশন- এর সাবেক সভাপতি; বাংলাদেশ এক্সপোর্ট ওরিয়েন্টেড গার্মেন্টস ওয়াশিং ইন্ডাস্ট্রিজ ওনার্স এসোসিয়েশন (BEOGWIOA) এর প্রতিষ্ঠাতা সভাপতি; খিলা বাজার হাই স্কুল এন্ড কলেজ, শাহরাস্তি চাঁদপুর- এর ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও লায়ন্স ক্লাব DIST. ৩১৫ ই১-এর ভাইস চেয়ারপার্সন।

তিনি বিভিন্ন জনহিতৈষী কাজে আত্ম- নিবেদিত এবং নিয়মিত নিজ এলাকা চাদপুরের বিভিন্ন স্কুল-কলেজ, মসজিদ- মাদ্রাসাসহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদানে ও বৃত্তি প্রদান করে থাকেন। এছাড়াও এলাকার ছাএছাত্রীদের বিভিন্ন খ্যাতনামা কলেজ ও বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষা গ্রহণে ও চাকরি প্রাপ্তিতে সহযোগিতা প্রদান করে থাকেন। প্রাকৃতিক দূর্যোগকালীন সময়ে অসহায় মানুষদের পাশ থেকে সাহায্য-সহযোগিতা এবং ঈদ ও পূজায় সাধারণ মানুষেদের আর্থিক সহযোগিতা ও উপহারসামগ্রী প্রদান করে থাকেন। সামাজিক বিভিন্ন অবদানের জন্য তিনি মাদার তেরেসা শান্তি পদক, মহাত্মা গান্ধী স্বর্নপদক এবং অতীশ দীপঙ্কর স্বর্ণপদক পুরস্কারে ভূষিত হন।

গার্মেন্টস শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব সফিকুর রহমানকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব কামাল উদ্দিন আহম্মদ

উদ্যোক্তা পরিচালক

বাদশা টেক্সটাইলস লিঃ

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

জনাব কামাল উদ্দিন আহাম্মদ ১৯৮৭ সালে বাংলাদেশের অন্যতম শিল্প নগর নারায়ণগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তার পিতা আলহাজ্ব মোঃ বাদশা মিয়া বাংলাদেশের টেক্সটাইল শিল্পের অন্যতম পথিকৃত ও বাদশা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক। জনাব কামাল উদ্দিন আহাম্মদ বাংলাদেশের টেক্সটাইল শিল্পের আধুনিকায়ন ও সামগ্রিক উন্নয়নে তাহার পিতার সাথে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। দেশের টেক্সটাইল শিল্পে বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ জনাব কামাল উদ্দিন আহাম্মদ ২০১৫ সালে শিল্প মন্ত্রণালয় কর্তৃক "বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি" (CIP) নির্বাচিত হন। এছাড়াও তিনি বাদশা টেক্সটাইল্‌স লিঃ সহ রপ্তানি বানিজ্যে পর পর ৬ বার স্বর্ণ ও রৌপ্য পদক প্রাপ্ত প্রতিষ্ঠান। কামাল ইয়ার্ণ লিমিটেড, পাইওনিয়ার নীটওয়্যারস (বিডি) লিঃ এবং পাইওনিয়ার ডেনিম লিমিটেড নামের বৃহৎ শিল্প প্রতিষ্ঠানের পরিচালক হিসাবে অত্যন্ত সফল ও সন্তোষজনক ভাবে পরিচালনা করে আসছেন।

বাদশা টেক্সটাইল্‌স লিঃ ২০০০ সালে প্রাইভেট লিমিটেড কোম্পানি হিসাবে যাত্রা শুরু করে যা, বর্তমানে বাংলাদেশের অন্যতম বৃহৎ ১০০% রপ্তানিমূখী সুতা উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান। বৃহৎ বিনিয়োগ শ্রেণীভূক্ত এই প্রতিষ্ঠানটি পৃথিবীর বিভিন্ন দেশ হতে উন্নত মানের কাঁচা তুলা আমদানি করতঃ উন্নত ও আধুনিক প্রযুক্তির মাধ্যমে নীট ও ওভেনসহ বিভিন্ন প্রকারের গুনগত মান সম্পন্ন সুতা উৎপাদন করে দেশের সুতার চাহিদা পূরণসহ মূল্যবান বৈদেশিক মুদ্রা অর্জন করে দেশের জাতীয় রপ্তানি ও অর্থনীতিতে গুরুত্বপূর্ন অবদান রেখে আসছে। বাৎসরিক ৭০ হাজার মেট্রিক টন সুতা উৎপাদন ক্ষমতা সম্পন্ন বাদশা টেক্সটাইল্‌স লিঃ এ বর্তমানে ৫ হাজার লোকের প্রত্যক্ষ কর্মসংস্থান রয়েছে, যার ৭০% কর্মজীবি নারী। জাতীয় রপ্তানি বানিজ্যে বিশেষ ভাবে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ ইতোপূর্বে প্রতিষ্ঠানটি রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৯-২০২০ অর্থ-বছরে জাতীয় রপ্তানি ট্রফি-রৌপ্য ও ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ অর্থ-বছরে সর্বোচ্চ রপ্তানি কারক প্রতিষ্ঠান হিসেবে জাতীয় রপ্তানি ট্রফি-স্বর্ণ পদক ও সনদ প্রাপ্ত হয়। এছাড়া প্রতিষ্ঠানটি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও এতিমখানা প্রতিষ্ঠার মাধ্যমে সমাজের অবহেলিত মানুষের মাঝে শিক্ষা বিস্তার সহ সামাজিক দায়িত্ব পালনে নিরলস কাজ করে যাচ্ছে।

টেক্সটাইলস শিল্পখাতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব কামাল উদ্দিন আহম্মদকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

মিজ্ মাহরীন নাসির

পরিচালক

মীর সিরামিক লিমিটেড

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

মীর সিরামিক লিমিটেড বাংলাদেশের সর্ববৃহৎ সিরামিক টাইলস উৎপাদনকারী প্রতিষ্ঠানের মধ্যে একটি। মীর সিরামিক এর প্রতিষ্ঠাতা, জনাব মীর নাসির হোসেন, বাংলাদেশের ব্যবসায়ী জগতের একজন বিশেষ ব্যাক্তিত্ব এবং এফবিসিসিআই এর প্রাক্তন সভাপতি। আমদানিকৃত টাইলস এর উপর নির্ভরতা কাটিয়ে বাংলাদেশেই উন্নতমানের টাইলস উৎপাদনের লক্ষ্য নিয়ে মীর নাসির হোসেন ২০০১ সালে মীর সিরামিক লিঃ প্রতিষ্ঠা করেন।

অগ্রযাত্রার শুরু থেকেই মীর সিরামিক ইটালি থেকে আমদানিকৃত অত্যাধুনিক যন্ত্রপাতি ব্যবহার করে আসছে। প্রতিষ্ঠানটি স্পেন, ইটালি, মালয়শিয়া ও থাইল্যান্ডসহ বিশ্বের বিভিন্ন দেশ থেকে সেরা মানের কাঁচামাল আমদানি করে থাকে।

মীর সিরামিক লিমিটেডের সুদক্ষ পরিচালনা বোর্ড, একদল দক্ষ ও অভিজ্ঞ উৎপাদনকর্মী নিয়োগ এবং তাদের নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করেছে। অত্যাধুনিক প্রযুক্তি, বিশ্ব সেরা কাঁচামাল, দক্ষ কর্মী ও সুষ্ঠু ব্যবস্থাপনার সমন্বয়ে মীর সিরামিক লিমিটেড একযুগ ধরে আন্তর্জাতিক মানসম্পন্ন টাইলস্ উৎপাদন করে আসছে যা, বাংলাদেশের অবকাঠামো তৈরিতে অগ্রনী ভূমিকা পালন করছে। প্রতিষ্ঠানটি পরিবেশ রক্ষায় সর্বদাই সচেতন। এই লক্ষ্যে energy recapture, waste materials recovery, effluent treatment plant সহপরিবেশ বান্ধব সকল আধুনিক যন্ত্রপাতি দ্বারা কারখানাটি সুসজ্জিত।

প্রতিষ্ঠানটির অনুমোদিত মূলধন ২০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৫১৭.৫৬ মিলিয়ন টাকা । মীর সিরামিক লিঃ বিভিন্ন সাইজের প্রায় ৪৫০ এর উপরে ডিজাইনের টাইলস উৎপাদন করে যাহার দৈনিক উৎপাদন ক্ষমতা ৩৫,৩০০ বর্গমিটার।

মীর সিরামিক লিমিটেড এর কর্মকর্তা কর্মচারীদের provident fund, Hajj, group insurance ও চিকিৎসাভাতাসহ বিভিন্ন প্রকারের সুযোগ সুবিধা প্রদান করা হয়ে থাকে। এছাড়াও প্রতিষ্ঠানটি সামাজিক উন্নয়নমূলক কর্মকান্ডের অংশ হিসাবে কারখানার নিকটস্থ মসজিদ, মাদ্রাসা, দুঃস্থ মানুষের মাঝে বিভিন্ন সময় আর্থিক সহযোগিতা ও খাদ্য দ্রব্য প্রদান করে আসছে।

সিরামিক শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ মিজ্ মাহরীন নাসিরকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব উজমা চৌধুরী

পরিচালক

ডিউরেবল প্লাস্টিক লিঃ

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

উজমা চৌধুরী, নাটোরের অভিজাত চৌধুরী পরিবারে থেকে এসেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বানিজ্যে স্নাতক (সম্মান) অর্জন করে। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের টেক্সাস রাজ্যের একজন নিবন্ধিত সিপিএ। ডালাসের টেক্সাস বিশ্ববিদ্যালয় থেকে হিসাব বিজ্ঞানে স্নাতক সম্পন্ন করার পর তিনি পেট্রোলিয়াম শিল্পে ৭ বছরের ও বেশি সময় ধরে হিসাব পেশায় নিয়োজিত ছিলেন। তিনি হিউস্টন চ্যাপ্টারে সেক্রেটারি হিসাবে ৪ বছর ধরে সিপিএ এর জন্য আমেরিকান মহিলা সোসাইটিতে কাজ করেছেন। অক্টোবর ২০০৮ সাল থেকে তিনি দেশের বৃহত্তম এবং সবচেয়ে বৈচিত্র্যময় সংগঠন প্রাণ-আর এফ এল গ্রুপের পরিচালক (অর্থ) হিসাবে নিয়োজিত আছেন।

মিসেস চৌধুরী বর্তমানে আন্ডার প্রিভিলেজড চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম (ইউসিইপি) এর অর্থ ও নিরীক্ষা কমিটির সদস্য এবং মেট্রোপলিটন চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এমসিসিআই) এর সদস্য।

ডিউরেবল প্লাস্টিক লিমিটেড গাজীপুরের মূলগাঁওয়ে ২০০৯ সালের ৫ মার্চ প্রতিষ্ঠিত হয় এবং জুলাই ২০০৯ এ বানিজ্যিক উৎপাদন শুরু করে। ডিউরেবল প্লাস্টিক মুলত প্লাস্টিক হাউজহোল্ড ও প্লাস্টিক ফার্নিচার পণ্য উৎপাদন করে দেশীয় বাজারে সরবরাহের পাশাপাশি উল্লেখযোগ্য পরিমাণ পণ্য আন্তর্জাতিক বাজারে রপ্তানি করে বৈদেশিক মূদ্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। ডিউরেবল প্লাস্টিক লিমিটেডের নিয়োজিন কর্মী সংখ্যা প্রায় সাড়ে তিন হাজার। রপ্তানি বানিজ্যে উল্লেখযোগ্য ভুমিকা রাখায় বাংলাদেশ সরকারের বানিজ্য মন্ত্রণালয় কতৃক জাতীয় রপ্তানি ট্রফি ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ ও ২০১৯-২০২০ নির্বাচিত হয়। ডিউরেবল প্লাস্টিক লিমিটেড দেশের অর্থনৈতিক উন্নয়নে প্রত্যক্ষভাবে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে আসছে।

শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব উজমা চৌধুরীকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব হাফিজুর রহমান খান

চেয়ারম্যান

রানার অটোমোবাইলস লিঃ

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

বাংলাদেশের সর্বপ্রথম মোটরসাইকেল উৎপাদনকারী ও রপ্তানিকারক প্রতিষ্ঠান রানার অটোমোবাইলস পিএলসি। যার পথ চলা শুরু হয় ২০০০ সাল থেকে। নিজেস্ব ব্র্যান্ডের পাশাপাশি বেশ কয়েকটি আন্তর্জাতিক ব্র্যান্ডের মোটরসাইকের একমাত্র পরিবেশক হিসেবে কাজ করছে প্রতিষ্ঠানটি। দেশে বাংলাদেশে অটোমোবাইলস শিল্পে অসামান্য অবদান রেখে প্রতিষ্ঠানটি আজ মোটরসাইকেলের পাশাপাশি নিজেস্ব ফ্যাক্টরীতে ব্যাপক পরিসরে থ্রী-হুইলার উৎপাদন, বিক্রয় ও বিপণন কার্যক্রমও পরিচালনা করে যাচ্ছে। এছাড়াও অঙ্গ প্রতিষ্ঠান হিসেবে রয়েছে রানার মোটরস লিমিটেড, রানার ট্রেডিং লিমিটেড, রানার লুব অ্যান্ড এনার্জি লিমিটেড, রানার প্রপার্টিজ লিমিটেড, বন্ডস্টেইন টেকনোলজিস লিমিটেড ইত্যাদি প্রতিষ্ঠানসমূহ। পাশাপাশি দেশের সামাজিক উন্নয়নের জন্য প্রতিষ্ঠানটি বিভিন্ন দাতব্য কার্যক্রম পরিচালনায় সদা সচেষ্ট।

অটোমোবাইলস শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব হাফিজুর রহমান খানকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব মোঃ সোহেল রানা

চেয়ারম্যান

উইনার স্টেইনলেস স্টীল মিলস লিঃ

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

উইনার স্টেইনলেস স্টীল মিলস লি. এর চেয়ারম্যান মোঃ সোহলে রানা ঐতিহ্যবাহী বিক্রমপুর নামে খ্যাত মুন্সীগঞ্জ জেলার লৌহজং থানার গাঁওদিয়া ইউনিয়নের রানাদিয়া গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। কিশোর বয়স থেকে ব্যবসা, উৎপাদন ও মানব সেবার প্রতি তার প্রবল আগ্রহ ছিলো।

পিতার ব্যবসা প্রতিষ্ঠান থেকে তার ব্যবসায় হাতে খড়ি। লেখাপড়া শেষ করে তিনি ব্যবসা শুরু করেন। ব্যবসার শুরু থেকেই শিল্প উৎপাদন, কর্ম সংস্থান সৃষ্টি, দেশের বৈদেশিক মুদ্রা সাশ্রয়, আমদানি নির্ভরশীলতা থেকে দেশকে স্বনির্ভর করার স্বপ্ন তার চিন্তাভাবনায় ছিলো। এই মুহূর্তে বাংলাদেশে স্টেইনলেস স্টীল প্রোডাক্ট আমদানি নির্ভরশীল নয়। তিনি বাংলাদেশে স্টেইনলেস স্টীল পাইপ ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন, দ্যা ফ্যাডারেশন অফ বাংলাদেশ চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর সক্রিয় সদস্য। তিনি বাংলাদেশ ব্যাবসায়ী প্রতিনিধি দলের সদস্য হয়ে ২০১৭ সালে মাননীয় প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হয়ে ভারত সফর করেন। ২০১৮ সালে ব্যবসায়িক প্রতিনিধি দলের সদস্য হয়ে নিউইয়র্কে জাতিসংঘের ৭৭তম সাধারণ পরিষদের আমন্ত্রণে মাননীয় প্রধানমন্ত্রীর সফর সঙ্গী হন। ব্যবসায়িক প্রতিনিধি দলের সদস্য হয়ে ৩১ তম CACCI সম্মেলনে এবং ১০ম বিশ্ব চেম্বার কংগ্রেস, সিডনী, অষ্ট্রেলিয়া- তে অংশগ্রহণ করেন। এছাড়াও তিনি এশিয়া, ইউরোপ, আমেরিকার বিভিন্ন দেশে ভ্রমণ করেন।

দেশে- বিদেশে বিভিন্ন ব্যবসায়িক সম্মেলন ও কর্মশালায় সফলতার সাথে অংশ গ্রহণ করেন। তিনি দেশে- বিদেশে দক্ষতার সাথে বিভিন্ন ব্যবসায়িক ও স্বেচ্ছাসেবী সংগঠণের সাথে কাজ করে চলছেন।

শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব মোঃ সোহেল রানাকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব আহমেদ আরিফ বিল্লাহ

উদ্যোক্তা পরিচালক

তাসনিয়া ফেব্রিক্স লিমিটেড

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

তাসনিয়া ফেব্রিক্স লিমিটেড একটি শতভাগ রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান যা ২০১০ সালে মাসকো গ্রুপের একটি সহযোগী প্রতিষ্ঠান হিসাবে যাত্রা শুরু করে। বছরের পর বছর ধরে টেকসই প্রবৃদ্ধি ও বিদেশি ক্রেতাদের সাথে যুক্ত থেকে এই প্রতিষ্ঠান বাংলাদেশের একটি শীর্ষস্থানীয় রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসাবে নিজ অবস্থানকে মজবুত করেছে। প্রতিষ্ঠালগ্ন থেকে উক্ত প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য ছিলো ব্যাপক কর্মসংস্থানের মাধ্যমে দেশকে বেকারত্বের অভিশাপ থেকে মুক্ত করা এবং গুণগত মানের পণ্য উৎপাদন ও রপ্তানির মাধ্যমে জাতীয় অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রাখা। প্রতিষ্ঠানটি উৎপাদনের ক্ষেত্রে অবচয় রোধ, কাইজান ও ৫ এস পদ্ধতি অনুসরন করে উৎপাদন কার্যক্রম পরিচালনা করে বিধায় প্রতিষ্ঠানের প্রোডাকটিভিটি ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। তাসনিয়া ফেব্রিক্স লিমিটেড গতানুগতিক কিছু পণ্যের উপর নির্ভর না করে বিশ্বের বিভিন্ন দেশের ক্রেতাদের চাহিদা অনুযায়ী পণ্য উৎপাদন করে নতুন নতুন বাজার সৃষ্টি করে আসছে। প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের দক্ষতা, আন্তরিকতা ও অভিজ্ঞতার আলোকে সর্বাধুনিক ও স্মার্ট প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সর্বোচ্চ গুনগত মানের পণ্য উৎপাদনপূর্বক বিশ্বের বিভিন্ন উন্নত দেশে পণ্য রপ্তানির মাধ্যমে ক্রেতাদের আস্থা অর্জনে সক্ষম হয়েছে।

প্রতিষ্ঠানটি একটি সুদক্ষ পরিচালনা বোর্ড ও ব্যবস্থাপনা পরিষদের সমন্বয়ে পরিচালিত ও নিয়ন্ত্রিত। ব্যবসায়ী সমাজের বহুল পরিচিত, উচ্চ শিক্ষিত, সজ্জন ব্যক্তিত্ব জনাব আহমেদ আরিফ বিল্লাহ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। রপ্তানি বাণিজ্যে গুরুত্বপূর্ণ অবদান রাখার স্বীকৃতিস্বরূপ বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক ২০১৫, ২০১৭ ও ২০১৮ সালে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি-রপ্তানি) নির্বাচিত হয়েছেন। এছাড়াও বেসরকারি খাতে শিল্প স্থাপন, পণ্য উৎপাদন, কর্মসংস্থান সৃষ্টি ও জাতীয় অর্থনীতিতে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ শিল্প মন্ত্রণালয় কর্তৃক রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার-২০১৮ ও ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০১৮ প্রাপ্ত হয়েছেন। তিনি ঢাকা ও চট্টগ্রামের বিভিন্ন ক্রীড়া, শিক্ষা ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের সাথে ওতপ্রোতভাবে জড়িত।

প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিকদের কর্মক্ষেত্রে পর্যাপ্ত নিরাপত্তা প্রদানে প্রতিষ্ঠানটি বদ্ধপরিকর। প্রাথমিক চিকিৎসা প্রদানের জন্য সার্বক্ষণিক ডাক্তার, নার্সসহ প্রশিক্ষিত প্রাথমিক চিকিৎসা প্রদানকারী টিম রয়েছে। দেশীয় অর্থনীতিতে অবদান রাখার পাশাপাশি প্রতিষ্ঠানটি সামজকল্যাণমূলক কর্মকান্ডকেও সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে আসছে। সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে প্রতিষ্ঠান কর্তৃক ফ্রি মেডিকেল ক্যাম্প, ট্রাফিক কার্যক্রম, বিনামূল্যে গাছ বিতরণ, বৃক্ষ রোপন অভিযান, মসজিদ, মন্দির, মাদ্রাসা, এতিমখানা ও স্কুলে অনুদান এবং অসহায় ও ছিন্নমূল মানুষের মাঝে আর্থিক সহযোগিতাসহ বাসস্থানের ব্যবস্থা করে আসছে।

শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব আহমেদ আরিফ বিল্লাহকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব আব্দুল হাই সরকার

চেয়ারম্যান

সোহাগপুর টেক্সটাইল মিলস লিমিটেড

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

Mr. Abdul Hai Sarker is one of the most successful entrepreneur and industrialist in Bangladesh for more than 4 decades with eminence. He was born on 15 December, 1946 in a respectable Muslim family of Sirajganj. He obtained his Post-Graduation Degree in Management from the University of Dhaka in the year 1970. Soon after completing his study, he established his own business named Purbani Traders. Subsequently he turned this business undertaking into full-fledged 'Purbani Group' since 1974. Now it is one of the largest & oldest Textile conglomerates spreading over agro-processing & seafood business in Bangladesh.

Mr. Sarker was a fellow member of Liverpool based International Cotton Association (ICA), an international accredited body of cotton in the world of which he was the Associate Director for consecutive 6 (six) years.

Over and above, he is also one of the founders of Dhaka Bank Limited holding the position of founder Chairman and also current chairman. He was the President of Bangladesh Textile Mills Association (BTMA), a national trade body of Yarn & Fabrics manufactures for successive 2 (two) terms. In addition, he was the Director of the Federation of Bangladesh Chambers of Commerce & Industries (FBCCI).

He has been awarded as Commercial Important Person (CIP) for several times by the Government of Bangladesh in recognition of his remarkable contribution to the national economy. Apart from his business activities, Mr. Sarker is also actively involved with various CSR activities as well in Bangladesh. He is also running a free pediatric clinic for children below 5 years of age since last several years. He was also the former Chairman of the ESTCDT (Education, Science, Technology & Cultural Development Trust) of the Independent University, Bangladesh (IUB) for 2 terms. He has also established school, college, mosques etc.

He has been awarded the CIP (Industry) 2021 for his significant contribution in the field of Industry

জনাব কুতুবউদ্দিন আহমেদ

চেয়ারম্যান

এনভয় টেক্সটাইলস লিঃ

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

এনভয় টেক্সটাইলস লিমিটেড বাংলাদেশের একটি শতভাগ রপ্তানিমুখী ডেনিম ফ্যাব্রিক উৎপাদনকারী প্রতিষ্ঠান, যা ২০০৮ সালে বার্ষিক ১৬ মিলিয়ন গজ উৎপাদন ক্ষমতা নিয়ে বাণিজ্যিক যাত্রা শুরু করে এবং বর্তমানে তা ৫০ মিলিয়ন গজে উন্নীত হয়েছে। এটি একটি বৃহৎ শিল্প প্রতিষ্ঠান যেটি ২০১২ সালে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে পুঁজিবাজারে তালিকাভুক্ত হয়। ২০১৬ সালের অক্টোবর হতে কোম্পানির স্পিনিং প্রকল্প থেকে বাণিজ্যিকভাবে সুতা উৎপাদন শুরু হয় এবং বর্তমানে সেখানে দৈনিক সর্বোচ্চ ৭০ টন সুতা উৎপাদন করা সম্ভব। ২০১৬ সালে এনভয় টেক্সটাইলস লিমিটেড বিশ্বের প্রথম লিড সার্টিফাইড প্লাটিনাম ডেনিম মিল হিসেবে অনন্য সম্মানে ভূষিত হয়েছে। জ্বালানি ও পরিবেশ পরিকল্পনায় নেতৃত্বের সর্বোচ্চ স্বীকৃতি হিসেবে আমেরিকার গ্রিন বিল্ডিং কাউন্সিল এনভয় টেক্সটাইলসকে এ সনদ প্রদান করে। প্রতিষ্ঠানটির বর্তমান জনবলের সংখ্যা প্রায় ৩০০০।

এনভয় টেক্সটাইলস লিমিটেডের কর্মকর্তা কর্মচারীদের বেতন ভাতা ১ তারিখের মধ্যে পরিশোধ করা হয়। সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডের অংশ হিসেবে শিক্ষা প্রতিষ্ঠান, দাতব্য চিকিৎসালয়, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা প্রভৃতিতে প্রতিষ্ঠানটি অনুদান প্রদান করে থাকে। ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতালে সম্পূর্ণ নিজ খরচে শিশুদের জন্য একটি বার্ন ইউনিট প্রতিষ্ঠা করা হয়েছে যার সম্পূর্ণ ব্যয়ভার এনভয় টেক্সটাইলস লিমিটেড বহন করে থাকে। এনভয় টেক্সটাইলস লিমিটেড ২০০৯ সাল হতে এখন পর্যন্ত ১০ বার জাতীয় রপ্তানি পদক এবং ২০১৬, ২০১৭ এবং ২০২০ সালে মহামান্য রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার লাভ করেছে। প্রতিষ্ঠানটির চেয়ারম্যান প্রকৌশলী জনাব কুতুবউদ্দিন আহমেদ ২০১৭ সালে জাতীয় রাজস্ব বোর্ড কতৃক "স্পিনিং ও টেক্সটাইল খাতে ৪র্থ এবং সর্বোচ্চ আয়কর প্রদানকারী নির্বাচিত হয়েছেন এবং তিনি ও তাঁর পরিবারের সদস্যবৃন্দ "করবাহাদুর পরিবার" সম্মানে ভূষিত হয়ে আসছেন। তিনি ১৯৯১ সাল থেকে প্রতি বছর সিআইপি খেতাব পেয়ে আসছেন। জনাব কুতুবউদ্দিন আহমেদ বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ) এবং মেট্রোপলিটন চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই), ঢাকার সভাপতি হিসেবে সফল নেতৃত্ব দিয়েছেন। জনাব কুতুবউদ্দিন আহমেদ ২০২০ সালে স্প্যানিশ রয়্যাল অর্ডার অফ মেরিট-এর নাইট অফিসারের মর্যাদাপূর্ণ উপাধিতে ভূষিত হন।

টেক্সটাইল শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব কুতুবউদ্দিন আহমেদকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব ইমরান করিম
ভাইস চেয়ারম্যান
কনফিডেন্স পাওয়ার হোল্ডিংস লিমিটেড

বৃহৎ শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

A visionary entrepreneur at core, Mr. Imran Karim completed his Bachelor of Science in Electrical and Computer Engineering and his Bachelor of Arts in Economics in 2003 from the University of Rochester. In 2003, he was involved with "Who's Who of United States" that comprises of the top 0.5% of all university students in USA. Subsequently, Mr. Imran Karim joined Confidence Group in 2003 as the Director of Confidence Cement Ltd. However, his first endeavor was not particularly successful. Nevertheless, he did not yield in the face of an early failure, rather enjoying and valuing it for the lessons; eventually taking over the business development of Confidence Infrastructure Ltd.

In 2006, under his guidance, Confidence Infrastructure Ltd. started producing telecom towers and within the same year, became the market leader. Currently, Confidence Infrastructure Ltd. has almost 70% of the market share in both transmission towers and telecom towers in Bangladesh. After his first successful endeavor, he decided to expand into other sectors with Confidence Group, in alliance with Energypac, opened an 11 MW power plant in 2009, followed by a 108 MW power plant in 2015. Currently under Confidence Power Holdings Ltd. the Group owns and operates 400MW power plants and is developing another 1.1GW.

In 2012, Confidence Group entered the telecommunication market, under the name Digicon Telecommunication. Under his leadership, Digicon took a lead role in the formation of International Gateway Operators' Forum (IOF), and made the sector profitable for all stakeholders. Later, Confidence Group also ventured into battery manufacturing, quickly becoming a market leader in the industry. He served as the President of Bangladesh Independent Power Producers' Association (BIPPA) from 2019 to 2022.

In 2016, for his outstanding entrepreneurial accomplishment, he was chosen as one of the winners of the JCI Ten Outstanding Young Persons of Bangladesh, an award given out by Junior Chamber International Bangladesh.

Leadership, Respect, Cooperation, Integrity and Innovation; all these 5 values are the main driving force of Mr. Imran Karim, a visionary entrepreneur who would like to see Confidence Group among the top 3 most valued and revered socially and environmentally compliant conglomerates in Bangladesh.

He has been awarded the CIP (Industry) 2021 for his significant contribution in the field of Industry

খন্দকার মনির উদ্দীন

ব্যবস্থাপনা পরিচালক

এস.টি.এস হোল্ডিংস লিঃ

বৃহৎ শিল্প (সেবা)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

জনাব খন্দকার মনির উদ্দিন ১৯৮১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি সম্পন্ন করেন এবং একই বছর ব্যবসায়িক কর্মজীবন শুরু করেন। তিনি এস.টি.এস হোল্ডিংস লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক। গত তিন দশক ধরে তিনি সফলভাবে শান্তা গ্রুপ প্রতিষ্টা করেছেন, যা পূর্বে রাপ্তানি- ভিত্তিক আরএমজি উৎপাদন শিল্পের মালিকানাধীন ছিল। জনাব মনির উদ্দিন শান্তা হোল্ডিংস লিমিটেডের প্রতিষ্ঠাতা, প্রোমোটার, ব্যবস্থাপনা পরিচালক এবং দেশের রিয়েল এস্টেট ডেভেলপারদের একজন। তিনি ঢাকা ব্যাংক লিমিটেডের প্রতিষ্ঠাতা পরিচালক ও সাবেক চেয়ারম্যানও ছিলেন। তিনি গত প্রয় এক দশক যাবৎ বাংলাদেশ সরকার কর্তৃক সিআইপি নির্বাচিত হয়ে আসেছেন।

এসটিএস গ্রুপ বাংলাদেশের একটি স্বনামধন্য কর্পোরেট হাউজ যা বাংলাদেশে বিশ্বমানের শিক্ষা ও স্বাস্থাসেবা প্রদানে অমূল্য অবদান রেখে চলেছে। ১৯৯৭ সালে যাত্রা শুরু করে ভারতের তথা এশিয়ার বৃহত্তম স্বাস্থ্যসেবা প্রদানকারী সংস্থা Apollo Hospitals Enterpeises Ltd (AHEL) এর সাথে যৌথ ব্যবস্থাপনায় দেশের প্রথম বিশ্বমানের আধুনিক Multi Specialty Tretiary Care হাসপাতাল Apollo Hospitals Dhaka স্থাপন করেছেন। এটি বাংলাদেশের সর্বপ্রথম এবং একমাত্র হাসপাতাল যা যুক্তরাষ্ট্রস্থ Joint Commission Internationl (JCI) এর সনদপ্রাপ্ত। তাছাড়া এসটিএস গ্রুপ ঢাকার বসুন্ধরায় প্রতিষ্ঠা করেছে International School Dhaka যা যুক্তরাজ্যস্থ Council of International School (CIS) এর তত্ত্বাবধনে পরিচালিত। এসটি এস গ্রুপ ঢাকার উত্তরায় Delhi public School (DPS) Society, India এর সাথে যৌথ ব্যবস্থাপনায় স্থাপন করেছে আন্তর্জাতিক মানের DPS STS School Dhaka. তিনি ব্যবসায়িক উদ্যেশ্যে বিশ্বের বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন এবং ঢাকায় অবস্থিত উল্লেখযোগ্য ক্লাবের সদস্য।

শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ খন্দকার মনির উদ্দীনকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব জাকারিয়া শাহিদ

ব্যবস্থাপনা পরিচালক

এসবি টেল এন্টারপ্রাইজেস লিঃ

বৃহৎ শিল্প (সেবা)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

জনাব জাকারিয়া শাহিদ সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। জনাব শাহিদ তাঁর MBA শেষ করে বিশ্ব বিখ্যাত জার্মান কোম্পানি SIEMENS এ কর্মজীবন শুরু করেন যেখানে তিনি ইন্ডাস্ট্রি ও কনজিউমার প্রোডাক্টস বিভাগের জেনারেল ম্যানেজার ছিলেন। তিনি সেখানে ১০ বছরেরও বেশি সময় কাজ করেন এবং নিজের প্রতিষ্ঠান শুরু করার লক্ষ্যে SIEMENS ছেড়ে আসেন।

জনাব শাহিদ ২০০৯ সালে নিজের ব্যবসা প্রতিষ্ঠান এডিসন গ্রুপের প্রতিষ্ঠা করেন। জাকারিয়া শাহিদ হচ্ছেন সেই ব্যক্তি যার আবেগ এবং উৎসাহ এডিসন গ্রুপকে বিভিন্ন ব্যবসায়িক খাতে উদ্যোগ গ্রহণ করতে সাহায্য করেছে যার মধ্যে অন্যতম হচ্ছে মোবাইল ফোন উৎপাদন, ফুটওয়্যার ম্যানুফ্যাকচারিং ও এক্সপোর্ট, পাওয়ার ডিস্ট্রিবিউশন, প্রডাক্ট ম্যানুফ্যাকচারিং এবং বিক্রয়, মার্কেটিং, প্রপারটিজ, লজিস্টিকস, রিয়েল এস্টেট এবং ইলেকট্রনিক্স।

জনাব শাহিদ এর তত্ত্বাবধানে এডিসন গ্রুপ এর প্রতিষ্ঠান সিম্ফনি মোবাইল টানা ৪ বছর বাংলাদেশের বেস্ট ব্র্যান্ড এর খেতাব অর্জন করে এবং এখনও সর্বোচ্চ মার্কেট শেয়ার নিয়ে ১ নম্বর পজিশন ধরে রেখেছে। এছাড়াও সিম্ফনি বাংলাদেশের এক মাত্র মোবাইল ফোন ব্র্যান্ড যারা বাংলাদেশের ১৩ কোটি মানুষের হাতে মোবাইল ফোন তুলে দিতে সক্ষম হয়েছে।

এডিসন ফুটওয়্যার ২০২১ সালে গ্রিন ফ্যাক্টরি অ্যাওয়ার্ড পায় এবং ২০২২ সালে এডিসন গ্রুপ আই এস ও সার্টিফিকেট অর্জন করে। আর এগুলো সম্ভব হয়েছে জনাব শাহিদ এর নিরলস প্রচেষ্টার কারণে। ব্যাক্তিগত ভাবে জনাব শাহিদ বাংলাদেশ মোবাইল ইম্পোর্টার্স এসোসিয়েশন এর সাধারণ সম্পাদক, ফুটওয়্যার ম্যানুফ্যাকচারিং এসোসিয়েশন এর ডাইরেক্টর এবং ল্যাটিন আমেরিকান চেম্বার অফ কমার্স এর ভাইস চেয়ারম্যান হিসেবে আছেন।

প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি জনাব শাহিদ দেশে ও বিদেশে ব্যবসা উন্নয়ন সংক্রান্ত অসংখ্য প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন। এছাড়াও তিনি শিল্পের উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ধরনের শিল্প গোষ্ঠীর সাথে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব জাকারিয়া শাহিদকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

প্রকৌঃ মোঃ আতিকুর রহমান

ব্যবস্থাপনা পরিচালক

দি সিভিল ইঞ্জিনিয়ার্স লিমিটেড

বৃহৎ শিল্প (সেবা)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

প্রকৌশলী মোঃ আতিকুর রহমান বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং টেক্‌নোলজি, ঢাকা থেকে ১৯৬৭ সালে বি, এস, সি ইঞ্জিঃ (সিভিল) ডিগ্রি অর্জন করেন এবং পাশ করার পরপরই সরকারি চাকরিতে যোগ দেন। পরবর্তীতে সরকারি চাকরি হতে অব্যাহতি নিয়ে ১৯৭৭ সালে দি সিভিল ইঞ্জিনিয়ার্স লিমিটেড প্রতিষ্ঠার পর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ব্যবসায়িক জগতে প্রবেশ করেন। দি সিভিল ইঞ্জিনিয়ার্স লিমিটেড দেশের অনেক নির্মাণ কাজ সফলতার সম্পন্ন করেছেন।

বহুবছর যাবত নিজ গ্রামে হাইস্কুল (ছোট তুলাগাঁও হাই স্কুল) এর সভাপতি ও আড্ডা ডিগ্রী কলেজের নির্বাহী কমিটির সদস্য, নিজ গ্রামে মহিলাদের জন্য ছোট তুলাগাঁও মহিলা কলেজ নামে একটি ইন্টারমেডিয়েট কলেজ প্রতিষ্ঠা করেন এবং এর প্রতিষ্ঠাতা সভাপতি হিসাবে নির্বাচিত হন। তিনি ছোট তুলাগাঁও জামে মসজিদ নির্মাণ, আলহাজ ওয়াহেদ আলী ছাত্রাবাস নির্মাণ (ছোট তুলাগাঁও), আলহাজ্ব ওয়াহেদ আলী মেমোরিয়াল চিকিৎসা কেন্দ্র (ছোট তুলাগাঁও), ছিদ্দিক্কুন নেসা মহিলা মাদ্রাসা, বরুড়া, কুমিল্লা এবং বিভিন্ন সমাজকল্যাণ মুলক সংস্থার সাথে জড়িত।

সেবামূলক মানদন্ডে দি সিভিল ইঞ্জিনিয়ারর্স লিমিটেড আমাদের শিল্প প্রতিষ্ঠানটি একটি বৃহৎ শিল্প। অসামঞ্জস্যপূর্ণ তথ্য প্রতিষ্ঠানটির লোকবল-১৫০০ জনেরও অধিক। প্রতিষ্ঠানের জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য এবং প্রতিস্থাপন ব্যয়সহ ২১৫ কোটি টাকারও অধিক। প্রতিষ্ঠানটি দেশের জনসাধারনের জন্য আবাসন শিল্প, বাণিজ্যিক ভবন, শিল্পকারখানা, পাওয়ার স্টেশন নির্মানে বিশেষ অবদান রাখছে। প্রকৌঃ মোঃ আতিকুর রহমান পেশাগত কাজে ইউ এস এ, কানাডা, যুক্তরাজ্য, সিঙ্গাপুর, জার্মানী, ভারত , থাইল্যান্ড শ্রীলংকা ইত্যাদি দেশ ভ্রমণ করেন।

শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব মোঃ আতিকুর রহমানকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব এস.এম. কামাল উদ্দিন

চেয়ারম্যান

কনকর্ড রিয়েল এস্টেট এন্ড ডেভেলপমেন্ট লিমিটেড

বৃহৎ শিল্প (সেবা)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

জনাব এস.এম. কামালউদ্দিন, ১৯৪৩ সালে যশোরে জন্ম গ্রহণ করেন। ১৯৬৪ সালে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রি অর্জন করেন। দৃঢ় সংকল্প, মহান লক্ষ্য এবং জন্মভূমির প্রতি গভীর ভালবাসা নিয়ে স্বাধীনতা পরবর্তী সময়ে মুষ্টিমেয় কিছু মানুষ দেশের ভেঙ্গে পড়া অবকাঠামো পুনঃনির্মাণের প্রচেষ্টা শুরু করে, এস.এম. কামালউদ্দিন তাদের মধ্যে অন্যতম। শুরু হয় সমৃদ্ধির বাংলাদেশ গড়ার যাত্রা। তিনি ১৯৭৩ সালে প্রতিষ্ঠা করেন কনকর্ড। এস.এম. কামালউদ্দিনের হাত ধরে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের ধ্বংসপ্রাপ্ত ৬টি ব্রিজ পুনঃনির্মিত হয়। সেই সাথে বেশ কিছু সড়ক প্রকল্প, যুদ্ধে ক্ষতিগ্রস্ত সেতু মেরামত, বন্দর পুনর্বাসন প্রকল্প, কারখানা ভবন ইত্যাদি পুনঃনিমার্ণ শুরু করেন।

পরবর্তীতে দেশের ক্রমবর্ধমান অর্থনীতির সাথে সাথে স্বাধীনতাত্তোর দেশের মানুষের কর্মসংস্থানের প্রয়োজনীয়তায় কারখানা, বাণিজ্যিক স্থাপনা এবং আবাসন ভবন নির্মাণের দিকে জনাব এস.এম কামালউদ্দিন মনোনিবেশ করেন। তারই ফলশ্রুতিতে তখনকার সময় বহুতল বিশিষ্ট ভবন "বাংলাদেশ শিল্প ব্যাংক ভবন", জনতা ব্যাংক ভবন, জীবন বীমা টাওয়ার, আইডিবি ভবন, ৯ মাসের মধ্যে জাতীয় ইনডোর স্টেডিয়াম নির্মাণ, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, পুলিশ প্লাজা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের প্রধান প্যাসেন্জারে বিল্ডিং, ভিভিআইপি টার্মিনাল, ৩য় টার্মিনাল নির্মাণে অংশগ্রহণসহ নানা উন্নয়ন প্রকল্প নির্মাণ করেন।

জনাব এসএম কামালউদ্দিনের দিকনির্দেশনায় কনকর্ড মাত্র ৮৯ দিনে নির্মাণ করে সাভারের জাতীয় স্মৃতিসৌধ। কনকর্ডের নির্মিত শুধুমাত্র এটিই একমাত্র অনুকরণীয় অনন্য স্থাপত্য নয়। ৪ দশকের অধিক সময় ধরে এস.এম. কামালউদ্দিনের পরিচালনায় কনকর্ড গ্রুপ উৎকর্ষতা, মান এবং সময়নিষ্ঠ সেবা প্রদান করে আসছে। বর্তমানে কনকর্ড পরিবারের ১৪ টি অঙ্গ প্রতিষ্ঠান আর্থ-সামাজিক উন্নয়নে সদা নিয়োজিত । কনকর্ড তৈরি করেছে এক সাফল্য গাঁথা, ১২০০ টি বহুল পরিচিত প্রকল্প ও ১০,০০০-এর বেশি এপার্টমেন্ট ইউনিট। কনকর্ড সর্বোচ্চ দক্ষতায় নির্মাণ করে চলেছে আবাসিক ও বাণিজ্যিক ভবন, সাশ্রয়ী আবাসন ও স্যাটেলাইট টাউনসহ বিভিন্ন নির্মাণ।

এস.এম. কামাল উদ্দীনের দূরদর্শী সিদ্ধান্তে বারিধারা থেকে মাত্র ২০ মিনিটের দূরত্বে গড়ে ওঠে পরিবেশ বান্ধব সামগ্রী দিয়ে তৈরি বাংলাদেশের প্রথম দূষণমুক্ত স্যাটেলাইট নগরী লেকসিটি কনকর্ড। মধ্যবিত্ত পরিবারের আবাসনের কথা চিন্তা করে গড়ে তোলা প্রকল্পটিতে রয়েছে শিশুদের খেলার মাঠ, মসজিদ, প্রশস্ত ফুটপাথ ও জগিং ট্রাক। লেকসিটি কনকর্ডে আছে নিজস্ব ক্যাম্পাসসহ স্কুল, অভিজাত রেস্টুরেন্ট, পার্টি সেন্টার, অত্যাধুনিক শপিং কমপ্লেক্স এবং আধুনিক সুবিধাসহ জিমনেশিয়াম। সকল নাগরিক সুবিধার পাশাপাশি লেকসিটি কনকর্ডে রয়েছে সার্বক্ষণিক পানি ও কার পার্কিং সুবিধা। আরো আছে বিদ্যুৎ- গ্যাস সংযোগ ব্যবস্থা। শিশু-কিশোরদের সুস্থ্য বিনোদন প্রদানের লক্ষ্যে এস.এম কামালউদ্দিন-ই প্রথম বাংলাদেশে বিশ্বমানের থিম পার্ক ফ্যান্টাসি কিংডম চালু করেন এবং এরই ধারাবাহিকতায় তৈরি করে চট্টগ্রামে ফয়েস লেক, এক্সট্রিম রেসিং গো-কার্ট, ওয়াটার পার্ক ও রিসোর্ট। তাছাড়া বায়ু-দূষণরোধে কনকর্ডের চেয়ারম্যান এস এম কামাল উদ্দিন ২০ বছর আগে বাংলাদেশে প্রথম গ্রীন ব্রিক উৎপাদন ও ব্যবহার শুরু করে। পরিবেশ দূষণ ও সংরক্ষণে অগ্রণী ভূমিকা পালনের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ অধিদপ্তর কনকর্ডকে জাতীয় পরিবেশ পদক ২০২০ প্রদান করে। সেই সাথে ডেইলিস্টার ডিএইচএল বিজনেস অ্যাওয়ার্ড, আইসিকিউ অ্যাওয়ার্ড, বিআইডি ইন্টারন্যাশনাল কোয়ালিটি সামিট অ্যাওয়ার্ডসহ ইএসএসএবি সেফটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ভূষিত হয় কনকর্ড গ্রুপ।

রিয়েল এস্টেট শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব এস.এম. কামাল উদ্দিনকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব মনজুরুল ইসলাম
চেয়ারম্যান
ইষ্টার্ন হাউজিং লিঃ

বৃহৎ শিল্প (সেবা)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

Eastern Housing Limited (EHL) was incorporated in 1964 as a Private Limited Company under the Companies Act, 19 13 . In 1993 the company registered itself with Registrar of Joint Stock Companies and Firms (RJSC) as a Public Limited Company and is one of the largest Real Estate Company in the private sector. Eastern Housing Limited is the only public listed real estate company in Bangladesh listed in Dhaka & Chittagong Stock Exchange.

Eastern Housing Limited was formed under the leadership of Mr. Jahurul Islam to reduce the housing problems of Dhaka city. It started its work by successfully implementing a project of building 700 houses in Pallabi Thana, Dhaka and acquiring 910 acres (3.68 square kilometers) of land . It was the first to provide low-cost housing to the residents of Bangladesh After taking over by present Chairman Mr. Monzurul Islam, it turned out to be one of the most trusted companies in the housing sector within a short span of time. Till 2022 , Eastern Housing Limited has built more than 6200 residential and 4800 commercial units. In addition to that, EHL has developed more than 2100 Acres of land in the housing arena.

The company is involved in developing both residential and commercial properties including shops, showrooms, office buildings and apartments. It is also one of the leading companies involved in selling plots of land by providing a total infrastructure including electricity, sewerage , gas, water etc. EHL has projects outside Dhaka also..

Eastern Housing Limited has achieved a lot of Local and International Awards over the years. Company 's Founder Chairman Jahurul Islam has been awarded for special contribution in the real estate sector of Bangladesh by RAHAB in 2016 . The Company has also been awarded the prestigious' AECA SIA' Award for its project 'THE STATESMAN' as an exam-ple of outstanding architectural achievement in the Family residence category in Asia in the year 2019. The company has also been awarded' ICSB National Award' for Corporate Governance Excellence several times.

He has been awarded the CIP (Industry) 2021for his significant contribution in the field of Industry.

জনাব মোঃ মাহবুবুর রহমান

চেয়ারম্যান

বিশ্বাস পোল্ট্রি এন্ড ফিস ফিডস লিঃ

মাঝারি শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

বাংলাদেশের এগ্রো শিল্পের অন্যতম উদ্দোক্তা জনাব মোঃ মাহবুবুর রহমান ১৯৭১ সালে গাজীপুর জেলায় জন্মগ্রহণ করেন। দেশের খাদ্য চাহিদাপূরণ, আধুনিকায়ন ও সামগ্রিক উন্নয়নে তিনি নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। এগ্রো শিল্পে অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব মোঃ মাহবুবুর রহমান ২০১৫ সালে জাতীয় মৎস্য পুরষ্কারে (রৌপ্য) ভূষিত হন এবং ২০১৭-২০১৮ করবর্ষে গাজীপুর জেলায় ২য় সেরা করদাতা, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ কর বর্ষে গাজীপুর জেলায় ও গাজীপুর সিটি কর্পোরেশনে ১ম সেরা করদাতা নির্বাচিত হন। তিনি ২০২১-২০২২ করবর্ষে ব্যবসায়ী ক্যাটাগরিতে ট্র্যাড কার্ড গ্রহণ করেন। এছাড়াও তিনি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, মাদ্রসা, মসজিদ ও এতিমখানার মাধ্যমে সমাজের অবহেলিত মানুষের মাঝে শিক্ষা বিস্তারসহ বিভিন্ন সামাজিক দায়িত্ব পালন করে আসছেন।

বিশ্বাস পোল্ট্রি এন্ড ফিস ফিডস লি. বাংলাদেশের অন্যতম প্রাণি ফিড উৎপাদনকারী প্রতিষ্ঠান প্রতিষ্ঠানটি ২০০২ সালে যাত্রা শুরু করে এবং বর্তমানে মাঝারি বিনিয়োগে শ্রেণিভুক্ত এই প্রতিষ্ঠানটি ইন্ডিয়া, ইউএসএ, ইউরোপ, কানাডা, রাশিয়া, ইউক্রেন, ভিয়েতনাম, চায়না প্রভৃতি দেশ হতে উন্নত মানের কাঁচামাল আমদানি করে বিশ্বের সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার মাধ্যমে মান সম্পন্ন পোল্ট্রি ফিড, ফিস ফিড এবং ক্যাটল ফিড উৎপাদন করে স্থানীয় বাজারে ডিলার এর মাধ্যমে বিক্রয় করে থাকে। দেশের প্রোটিন চাহিদা পূরণের লক্ষ্যে বিশ্বাস পোল্ট্রি এন্ড ফিস ফিডস লি. নিরলস কাজ করে যাচ্ছে। প্রতিষ্ঠানটির বাৎসরিক উৎপাদন ক্ষমতা ৪৭৫,০০০ মে.টন। উক্ত প্রতিষ্ঠানে প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে বৃহৎ কর্মসংস্থান তৈরি হয়েছে। প্রতিষ্ঠানটি বেকার যুব সমাজকে প্রশিক্ষণ ও উৎসাহ দিয়ে আত্মবিশ্বাসী করে গড়ে তুলছে।

শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব মোঃ মাহবুবুর রহমানকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

মিজ্ আক্তার জাহান হাসনিন মুক্তাদির

ভাইস-চেয়ারম্যান

ইনসেপ্টা ভ্যাকসিন লিমিটেড

মাঝারি শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

মিজ্ আক্তার জাহান হাসনিন মুক্তাদির বাংলাদেশের প্রথম জীবন রক্ষাকারী আন্তর্জাতিক মানসম্পন্ন ভ্যাকসিন উৎপাদনকারী প্রতিষ্ঠান ইনসেপ্টা ভ্যাকসিন লি. এর ভাইস চেয়ারম্যান ও কর্ণধার। মেধা, পেশাদারিত্ব, বিচক্ষণতা ও কর্ম-সৃজনশীলতায় তিনি এক অনন্য ব্যক্তিত্ব। জনস্বাস্থ্য সুরক্ষায় সুদক্ষ নেতৃত্ব দিয়ে তিনি র‍্যাবিস, হেপাটাইটিস-বি, টাইফয়েড, টিটেনাস, জরায়ু মুখের ক্যানাসারের ভ্যাকসিনসহ জীবনরক্ষাকারী প্রধান প্রধান ভ্যাকসিনের উৎপাদন ও চাহিদার নিশ্চয়তা তৈরিতে বড় ধরণের ভূমিকা পালন করেছেন। উল্লেখ্য যে, ইনসেপ্টার ভ্যাকসিন প্লান্ট এখন বিশ্বস্বাস্থ্য সংস্থার কাছে এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ফার্মাসিতে স্নাতকোত্তর আক্তার জাহান হাসনিন মুক্তাদির আশির দশকে ফার্মাসিউটিক্যালস জগতে প্রবেশ করেন এবং নিজের দক্ষতা ও মেধার উন্মেষ ঘটান। দীর্ঘ পথচলায় ২০১১ সালে তিনি নব প্রতিষ্ঠিত ইনসেপ্টা ভ্যাকসিন লি.-এর ভাইস চেয়ারম্যান হিসেবে নিজেকে সক্রিয়ভাবে যুক্ত করেন। সেই থেকে তিনি বহুবিধ চ্যালেঞ্জ মোকাবিলা করে গোটা বাংলাদেশকেই ভ্যাকসিন সুরক্ষার জন্য নিরলস কাজ করে যাচ্ছেন।

আক্তার জাহান হাসনিন মুক্তাদির পেশাগত দক্ষতার উৎকর্ষতায় যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশে উচ্চপর্যায়ের একাধিক সভা ও সেমিনারে অংশগ্রহণ করেন। নিজে পেশার বাইরে তিনি দেশের অধিকার বঞ্চিত শিশুদের শারীরিক ও মানসিক উন্নয়নেও নিরবে কাজ করে যাচ্ছেন। তিনি বর্তমানে বাংলাদেশ ঔষধ শিল্প সমিতির কার্যকরী কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। এ ছাড়াও তিনি বিভিন্ন সামাজিক সংগঠনের সাথে জড়িত রয়েছেন।

শিল্পখাতে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব মিজ্ আক্তার জাহান হাসনিন মুক্তাদিরকে সিআইপি (শিল্প) ২০২১ সম্মাননা প্রদান করা হলো।

জনাব আব্দুস সোবহান

ব্যবস্থাপনা পরিচালক

আকো-টেক্স লিমিটেড

মাঝারি শিল্প (উৎপাদন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) ২০২১

